NARSINGHA

ই-পেপার: www.ekdin epaper.com

একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী

৩ 'জরুরি অবস্থা ছিল গণতন্ত্রের উপর আঘাত'

সুমিতের আগাম জামিনের আর্জি খারিজ আদালতে ৩

কলকাতা ২৬ জুন ২০২৬ ১২ আষাঢ় ১৪৩৩ শুক্রবার বিংশ বর্ষ ১৬ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 26.06.2026, Vol.20, Issue No. 16, 8 Pages, Price 3.00

বিশ্বকাপ

আজকের খেলা

তুরস্ক বনাম আমেরিকা
(ভারতীয় সময় সকাল ৭:৩০)
প্যারাগুয়ে বনাম অস্ট্রেলিয়া
(ভারতীয় সময় সকাল ৭:৩০)
নরওয়ে বনাম ফ্রান্স
(ভারতীয় সময় রাত ১২:৩০)
সেনেগাল বনাম ইরাক
(ভারতীয় সময় রাত ১২:৩০)

গতকালের ফলাফল

ব্রাজিল ৩	স্কটল্যান্ড ০
মরক্কো ৪	হাইতি ২
দঃ আফ্রিকা ১	দঃ কোরিয়া ০
মেক্সিকো ৩	চেকিয়া ০

মৃত বেড়ে ১১ ● আহত ৩১ ● শোক মোদীর ● ক্ষতিপূরণ ঘোষণা

কাঠগড়ায় হাকিমই

দুই ভূমিকম্পে ভেনেজুয়েলা তছনছ, শঙ্কা লক্ষ প্রাণহানির

কারাকাস, ২৫ জুন: জোড়া ভূমিকম্পে বেসামাল ভেনেজুয়েলা। এই প্রতিবেদন লেখা পর্যন্ত মৃতের সংখ্যা বেড়ে ১৬৪। আহত প্রায় হাজার। বৃহস্পতিবার এমনটাই জানালেন ভেনেজুয়েলার ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ডেলসি রডরিগেজ। অন্যদিকে, মার্কিন বিজ্ঞানীদের আশঙ্কা, ভয়াবহ এই প্রাকৃতিক দুর্যোগে ১ লক্ষ ছাড়াতে পারে মৃতের সংখ্যা।

ভারতীয় সময় বৃহস্পতিবার ভোরে পরপর দু'টি বিধ্বংসী ভূমিকম্পে কেঁপে ওঠে রাজধানী কারকাস-সহ ভেনেজুয়েলার একাধিক এলাকা। মার্কিন জিওলজিক্যাল সার্ভের তথ্য অনুযায়ী, জোড়া এই ভূমিকম্পের উৎপত্তি স্থল ভেনেজুয়েলার ক্যারিবীয় উপকূলবর্তী মোরন শহরের পশ্চিমে। ভূপৃষ্ঠ থেকে মাত্র ১৩ কিলোমিটার গভীরে। প্রথম ভূমিকম্পটির মাত্রা ছিল ৭.২। ঠিক তার প্রায় ৪০ সেকেন্ডের মধ্যে আরও একটি শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে ভেনেজুয়েলায়। এটির উৎস্থলও ওই একই জায়গায়। ভূপৃষ্ঠ থেকে মাত্র ১০ কিলোমিটার গভীরে। দ্বিতীয় ভূমিকম্পটির মাত্রা ছিল ৭.৫। এরপরই গোটা ভেনেজুয়েলাজুড়ে জরুরি অবস্থা জারি করা হয়।

ভূমিকম্পের মুহূর্তের এবং তারপরের একাধিক ভিডিও ছড়িয়ে পড়েছে সমাজমাধ্যমে। সেগুলিতে দেখা যাচ্ছে, রাজধানী কারাকাসে বহু ভবন পেন্ডুলামের মতো দুলছে। আতঙ্কে বাড়ির বাইরে বেরিয়ে আসছেন মানুষজন। কোথাও কোথাও ধূলিসাৎ হয়ে গিয়েছে বাড়িঘর। ভেঙে পড়েছে বিদ্যুতের খুঁটি। ধ্বংসস্তূপের জেরে অবরুদ্ধ একাধিক রাস্তা। জোড়া ভূমিকম্পের পরই কারাকাসের বহু এলাকায় বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে গিয়েছে। ভেঙে পড়েছে বহু মোবাইল ফোনের টাওয়ারও। ফলে ব্যাহত হয়েছে যোগাযোগ ব্যবস্থা। যুদ্ধকালীন তৎপরতায় চলছে উদ্ধারকাজ।

নকশাতেই গলদ, ফিরহাদের স্বাক্ষর দেখালেন শুভেন্দু

নিজস্ব প্রতিবেদন: তারাতলার ভেঙে পড়া গুদামের নকশার ছাড়পত্র গত ১৭ জানুয়ারি কলকাতা পুরসভা দিয়েছিল বলে বুধবার জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী। বৃহস্পতিবার বিধানসভায় তিনি এই সংক্রান্ত নথি দেখিয়ে দাবি করেন, তাতে কলকাতার প্রাক্তন মেয়র ফিরহাদ হাকিমের স্বাক্ষর রয়েছে। তাঁর মন্তব্য, 'এই দেখুন মাননীয় ফিরহাদ হাকিমের সই। দেখুন আপনারা কী ভাবে, স্ট্রাকচারে ডিফেক্ট থাকা অবস্থায় ফল্টি প্ল্যান অ্যাপ্রুভ করেছেন। ফল্টি ডিজাইন। এই রকম কত কাণ্ড করে রেখেছেন, তার ঠিক নেই।' তৃণমূলের দিকে অভিযোগের আঙুল তুলে মুখ্যমন্ত্রী এ দিন আরও বলেন, 'কী করেছেন আপনারা! আমরা পুরো ফ্যাক্ট ফাইন্ডিং বের করেছি। কোনও ছাড়াছাড়ির সিন নেই।'

তারাতলার ঘটনায় শিউরে উঠেছে শহর কলকাতা। মৃতদের পরিবারে হাহাকার। কার গাফিলতিতে এতগুলো মানুষ প্রাণ হারাল, চলছে কাটাছেঁড়া। বেআইনি প্ল্যানিং-এর অভিযোগ আগেই সামনে এনেছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আর সেই অভিযোগের সূত্র ধরেই বৃহস্পতিবার মুখ্যমন্ত্রীর মুখে উঠে এলে 'কালী'র নাম। 'কালীকে তুললেই সব বেরিয়ে যাবে', বিধানসভায় বিবৃতি দিতে গিয়ে এ কথা বলেছেন তিনি।

তারাতলার ওই নির্মাণের অনুমোদন দেওয়ার ক্ষেত্রে ফিরহাদ হাকিমের বিরুদ্ধে অভিযোগ তোলেন শুভেন্দু অধিকারী। তিনি বলেন, 'কালীকে তুললেই সব বেরিয়ে যাবে। কালী না বললে কোনও প্ল্যানে অনুমোদন হয় না। এই কালী ক্যামাক স্ট্রিটের অ্যাপয়েন্ট করা। বাইপাসের ধারে ২০০ কোটি টাকায় তৃণমূলর ভবন বানাচ্ছে এই কালী। এখান থেকে টাকা তুলে পাঠায়।'

তারাতলায় ২৪ জুন ভেঙে পড়া নির্মীয়মাণ গোডাউনের বিল্ডিং প্ল্যানের অনুমোদনের যে চিঠি, সেখানে সই রয়েছে প্রাক্তন মেয়র ফিরহাদ হাকিমের। বৃহস্পতিবার সেই বিল্ডিং প্ল্যান বিধানসভায় সামনে আনেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ঘটনায় তিনি সরাসরি আঙুল তোলেন পূর্বতন সরকার ও পূর্বতন মেয়রের দিকে। তিনি বলেন, 'তৃণমূল এতদিন ধরে কাটমানি খেয়েছে ও সিটি অফ জয়কে মৃত্যুপুরী বানিয়েছে।' পাশাপাশি এও বলেন, 'যত বিল্ডিং প্ল্যান এই দুর্নীতিগ্রস্ত তৃণমূল কংগ্রেস অর্থের বিনিময়ে, কাটমানির বিনিময়ে, ব্রোকারদের দিয়ে এই কলকাতাকে মৃত্যুপুরীরে পরিণত করেছে তৃণমূল কংগ্রেস। তার সমস্ত বিল্ডিং প্ল্যান ও নির্মীয়মাণ বাড়িগুলো আমরা অডিট করাব।

যতক্ষণ না অডিট সার্টিফিকেট হচ্ছে, কোনও বিল্ডিংয়ে আমরা হাত দিতে দেব না। তারপর তো প্রপার্টি অ্যাটাচমেন্ট করে আদায় করব। শুধু জেল খাটানো নয়।'

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর বক্তব্যের পরিপ্রেক্ষিতে এদিন মুখ খোলেন কলকাতার প্রাক্তন মহানাগরিক ফিরহাদ হাকিম। ফিরহাদের বক্তব্য, 'আমি যতদূর জেনেছি, গোডাউনটা বেআইনি নয়। নজরদারির অভাব ছিল। মেয়র বা কমিশনার গিয়ে তো আর নজরদারি করতে পারে না। আমি যদ্দুর জেনেছি, এটা অনুমোদন নিয়ে করা হয়েছিল। যদিও এটা তৈরি করতে কী কী মেটেরিয়াল ব্যবহার হয়েছে, সেটা জানার কথা আমার নয়। বা ওখানে কোথায় হচ্ছে, সেটাও আমি জানতাম না।' ঘটনার জন্য তৎকালীন পুর প্রশাসনকে সরাসরি দায়ী করে মুখ্যমন্ত্রী বলেন, দোষীদের বিরুদ্ধে শুধু ফৌজদারি মামলা নয়, প্রয়োজনে সম্পত্তি বাজেয়াপ্ত করেও ক্ষতিপূরণ আদায় করা হবে। তাঁর কথায়, 'জনগণের জীবন নিয়ে কোনও রকম আপস করা হবে না। এই ঘটনায় সরকারের অবস্থান জিরো টলারেন্স।'

এদিকে, শুভেন্দুর তোলা অভিযোগ প্রসঙ্গে কলকাতার প্রাক্তন মেয়র বলেন, 'এ ব্যাপারে আমার জানা নেই।

গ্রেপ্তার কালী

নিজস্ব প্রতিবেদন: তারাতলায় নির্মীয়মাণ গুদামের ছাদ ভেঙে পড়ার ঘটনায় কলকাতার প্রাক্তন মেয়র ফিরহাদ হাকিমের প্রাক্তন ওএসডি (অফিসার অন স্পেশ্যাল ডিউটি) কালীচরণ বন্দ্যোপাধ্যায়কে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার সকালেই মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী তাঁকে নিশানা করেছিলেন। পুরো নাম উচ্চারণ না করলেও শুভেন্দু বলেছিলেন, 'কলকাতা পুরসভায় কালী না-বললে কোনও প্ল্যান (পাশ) হয় না।' তার পর রাতেই সেই কালীকে আটক করা হয়। পরে তাঁকে গ্রেপ্তার করে পুলিশ। আজ তাঁকে আদালতে পেশ করা হবে।

গুদামের নির্মাণ কাজে কত শ্রমিক, প্রাণের সঙ্গে তথ্যও খুঁজছে পুলিশ

নিজস্ব প্রতিবেদন: তারাতলার নির্মীয়মাণ গুদামে কত জন শ্রমিক কাজ করছিলেন, তার সঠিক কোনও হিসাব পাচ্ছে না পুলিশ। কারণ, ওই গুদামে কোনও উপস্থিতির হিসাব রাখা হত না। অভিযোগ, কোনও রেজিস্টার ছিল না। তাই এখনও কত জন ধ্বংসস্তূপের ভিতরে আটকে আছেন, তার সঠিক হিসাব নেই। উদ্ধারকাজ চলছে।

তারাতলা বিপর্যয়ের পর কেটে গিয়েছে চব্বিশ ঘণ্টা। এখনও যুদ্ধকালীন তৎপরতায় চলছে উদ্ধারকাজ। ধ্বংসস্তূপের নিচে আর চাপা রয়েছেন কতজন, সে তথ্য জানা নাকি সম্ভব হচ্ছে না কিছুতেই। কারণ, এত বড় গুদাম এবং কোল্ডস্টোরেজ নির্মাণের কাজ চললেও সেখানে ছিল না কোনও রেজিস্টার। তার ফলে শ্রমিকদের তথ্যের খোঁজে হয়রান সিটের তদন্তকারীরা। বৃহস্পতিবার দুপুরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সেকথাই জানালেন অ্যাডিশনাল সিপি ক্রাইম কুণাল আগরওয়াল। বৃহস্পতিবার বিকেলে তারাতলার ঘটনায় তদন্তের অগ্রগতির কথা জানাতে লালবাজার থেকে সাংবাদিক বৈঠক করেন কলকাতার অতিরিক্ত পুলিশ কমিশনার (অপরাধ) কুণাল আগরওয়াল। তিনি জানান, মোট ১১ জনের মৃত্যু হয়েছে। তাঁরা এসএসকেএম হাসপাতালে চিকিৎসাধীন। এখনও উদ্ধারকাজ সম্পন্ন হয়নি। শম্ভুনাথের স্ত্রী-ও তাঁর সংস্থার অন্যতম অংশীদার বলে জানতে পেরেছে পুলিশ।

ধৃত গুলজার এবং মৃত ঠিকাদার আসগরের বিরুদ্ধে এর আগেও একাধিক অপরাধের অভিযোগ ছিল। একবালপুরের একটি মারপিটের ঘটনায় নাম জড়িয়েছিল গুলজারের। এ ছাড়া, আসগরের বিরুদ্ধে দু'টি মামলা ছিল। একটি দক্ষিণ বন্দর থানায় ২০১৩ সালের মামলা। অন্যটি একবালপুর থানায় অপহরণের মামলা। পুলিশের অতিরিক্ত কমিশনার জানিয়েছেন, তারাতলাকাণ্ডে তাঁদের একাধিক দল কাজ করছে। কাদের জেরা করা হতে পারে, ইতিমধ্যে তার একটি তালিকা প্রস্তুত করা হয়েছে। যাঁরা ঘটনাস্থল থেকে জীবিত উদ্ধার হয়েছেন, তাঁদের সঙ্গেও কথা বলতে পারে পুলিশ। তাঁদের ফোন খতিয়ে দেখা হবে। সেখান থেকে কোনও নাম পাওয়া যায় কি না, দেখবেন তদন্তকারীরা।

অন্যদিকে, কলকাতা পুরসভার কাছ থেকে তারাতলার ঘটনায় ইতিমধ্যে কিছু তথ্য এবং নথি চেয়েছে লালবাজার। পুর আধিকারিকদের ভূমিকাও খতিয়ে দেখা হবে। বৃহস্পতিবার বিধানসভা থেকে তারাতলার ঘটনার জন্য পূর্বতন তৃণমূল সরকারকে দায়ী করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ভেঙে পড়া গুদামের নকশায় কলকাতার প্রাক্তন মেয়র ফিরহাদ হাকিমেরও সই রয়েছে বলে তিনি দাবি করেন। জানান, কাউকে ছাড়া হবে না। সেই অনুযায়ী পুলিশও তদন্ত শুরু করে দিয়েছে। কলকাতা ও শহরতলিতে সমস্ত নির্মাণকাজ ৩১ জুলাই পর্যন্ত বন্ধ রাখার নির্দেশ দিয়েছে সরকার।

বিপর্যয়ের তদন্তে উচ্চস্তরের কমিটি

নিজস্ব প্রতিবেদন: একদিকে সেনা জওয়ান অন্যদিকে এনডিআরএফ, ডিজাস্টার ম্যানেজমেন্ট গ্রুপ, কলকাতা পুলিশ এবং দমকলের মিলিত প্রচেষ্টায় যুদ্ধকালীন তৎপরতায় বুধবার থেকেই চলছে তারাতলায় ভেঙে পড়া শেডের ধ্বংসস্তূপ থেকে উদ্ধারের কাজ।

এদিকে, বিপর্যয়ের ঘটনায় উচ্চপর্যায়ের তদন্ত কমিটি গঠন করল রাজ্য সরকার। যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব রাজেশ পাণ্ডের সভাপতিত্বে একটি উচ্চপর্যায়ের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে রয়েছেন মোট ১১জন সদস্য রয়েছে। সাতদিনের মধ্যে তদন্ত রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, তারাতলা বিপর্যয়ে শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর কার্যালয়ের তরফে জানানো হয়, দুর্ঘটনায় নিহতদের পরিবার এবং আহতদের জন্য প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিল থেকে আর্থিক সহায়তা দেওয়া হবে। পিএমও-র থেকে প্রকাশিত বার্তায় প্রধানমন্ত্রী বলেন, কলকাতার এই দুর্ঘটনা অত্যন্ত বেদনাদায়ক। যাঁরা প্রাণ হারিয়েছেন, তাঁদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে তিনি ক্ষতিগ্রস্তদের পাশে থাকার আশ্বাস দিয়েছেন। ঘোষণা অনুযায়ী, মৃতদের নিকটাত্মীয়দের এককালীন ২ লক্ষ টাকা করে এবং আহতদের ৫০ হাজার টাকা করে আর্থিক সাহায্য দেওয়া হবে। একই সঙ্গে মৃতদের পরিবারকে ১০ লক্ষ এবং আহতদের ১ লক্ষ টাকা করে আর্থিক সহায়তার ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

এরই মধ্যে বৃহস্পতিবার এসএসকেএম হাসপাতালে আহতদের দেখতে গিয়ে স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানান, এখন ১৮ জন ব্যক্তি চিকিৎসাধীন আছেন। তাঁদের মধ্যে কয়েকজনের আঘাত অত্যন্ত গুরুতর। হাসপাতালের এক চিকিৎসক বলেন, 'একাধিক শ্রমিকের শরীরে মারাত্মক চোট রয়েছে। প্রয়োজনীয় সব চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে।'

শেষ খবর পাওয়া পর্যন্ত ইতিমধ্যে ৩১ জনকে বের করে আনা হয়েছে ধ্বংসস্তূপ থেকে। যার মধ্যে ১১ জনকে এখনও পর্যন্ত মৃত বলে ঘোষণা করা হয়েছে। উদ্ধার হওয়া সব শ্রমিককেই নিয়ে যাওয়া হচ্ছে এসএসকেএম হাসপাতালে। বৃহস্পতিবার সকালে ধ্বংসস্তূপ থেকে উদ্ধার করা হয় পাঁচ জনকে। উদ্ধারকারী দলের দাবি, ধ্বংসস্তূপে আটকে রয়েছেন আরও বেশ কয়েকজন। তাদের সন্ধান চালাতে সেনাবাহিনী ব্যবহার করছে অত্যাধুনিক যন্ত্রপাতি। বুধবার দুর্ঘটনার পর থেকেই সন্ধান চালানো হচ্ছিল এই গোডাউন তৈরির বরাত পাওয়া ঠিকাদার আসগার হুসেইনের। বৃহস্পতিবার সকালে ধ্বংসস্তূপ থেকে উদ্ধার হয় তার দেহও। গোডাউনের কাঠামোর যে অংশ ভেঙে পড়েনি, তা ভেঙে পড়ার আশঙ্কা রয়েছে। সেই কারণেই হাইড্রলিক ক্রেন দিয়ে টেনে রাখা হয়েছে। অন্যদিকে পোর্ট ট্রাস্ট-এর কাছ থেকে এই জমি গোডাউন তৈরির জন্য লিজ নিয়েছিলেন শম্ভুনাথ বেহেরা। তাকে গ্রেপ্তার করেছে পুলিশ। পাশাপাশি গ্রেপ্তার করা হয় আরও চার জনকে। অন্যদিকে , স্থানীয়দের দাবি, বুধবার সকাল থেকেই দুলছিল লোহার কাঠামো। কেন এমন হচ্ছে তা খতিয়ে দেখতে গোডাউনে এসে পৌঁছন শ্রমিকরা। তাঁরা ঢুকে কাঠামোর অবস্থা যখন খতিয়ে দেখছিলেন, তখন হুড়মুড়িয়ে ভেঙে পড়ে ছাদ।

প্রশাসনের এক আধিকারিকের কথায়, 'দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলির জন্য এই সহায়তা গুরুত্বপূর্ণ। উদ্ধার ও চিকিৎসার কাজও সমান্তরালভাবে চলছে।'

আরজি করে সিবিআইকে তিরস্কার আদালতের

নিজস্ব প্রতিবেদন: আরজি করকাণ্ডে ফের রিপোর্ট তলব আদালতের। ২১ মে নির্দেশ মেনে ফের তদন্তের অগ্রগতি রিপোর্ট পেশ করার নির্দেশ দেওয়া হল সিবিআইকে। সিবিআই-এর সংগ্রহ করা নথি আদালতে পেশের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। মামলায় ৬ অগস্ট দুপুর দুটোয় পরবর্তী শুনানি। এদিকে বৃহস্পতিবার মামলার শুনানিতে অভয়ার মায়ের আইনজীবীর তরফে আবেদন জানানো হয়, 'সিবিআই যদি তদন্ত করতে না পারে তাহলে সিআইডি-র কাছে তদন্তভার দেওয়া হোক।' আইনজীবীর তরফে আবেদনে জানানো হয়, 'ইতিমধ্যেই ৩ জনের নাম আমরা জানিয়েছি। আজ পর্যন্ত জিজ্ঞেস করা হয়নি তাঁদের। কোর্ট আমাদের সহযোগিতা করতে বলেছে, আমরা নাম বলে দিচ্ছি। সিবিআই-এর চূড়ান্ত ধারণায় আছে একজনই মূল অভিযুক্ত। বৃহত্তর ষড়যন্ত্রের তদন্ত করছে বলে জানাচ্ছে সিবিআই।' আইনজীবী একটি এভি ক্লিপের বয়ানের উল্লেখ করে বলেন, 'আমাদের কাছে এভি ক্লিপে বয়ান আছে, দেখুন, তাঁরা বয়ানে বলছেন, বডি সিড়ি দিয়ে নামানো হচ্ছে।' এরপরই আরজি কর মামলায় সিবিআই তদন্ত নিয়ে ক্ষুব্ধ হতে দেখা যায় কলকাতা হাইকোর্টকে। সিবিআই রিপোর্ট জমা দেওয়ার পর বিচারপতি শম্পা সরকার প্রশ্ন তোলেন, 'সিবিআই তদন্তে হস্তান্তরে দেরি, তথ্য প্রমাণ বিনষ্ট করার জন্য কারা দায়ী? কারণ এটাও তো একটা অপরাধ।' একইসঙ্গে তাঁর মন্তব্য, 'পরিবারের কী অভিযোগ রয়েছে তা খতিয়ে দেখতে হবে। আর কেউ অপরাধীদের আড়াল করার চেষ্টা করছে সেটাও তো সিবিআইকে খুঁজে বের করতে হবে।'

বিচারপতির মন্তব্যের পরিপ্রেক্ষিতে সিবিআইয়ের তরফ থেকে জানানো হয়, তাঁরা একাধিকবার সমস্ত বিষয় খতিয়ে দেখেছেন, পরিবারের সব বক্তব্য শুনে উত্তর দিয়েছেন।

বঙ্গে অভিন্ন দেওয়ানি বিধি, আগামী সপ্তাহেই বিল

নিজস্ব প্রতিবেদন: উত্তরাখণ্ড, গুজরাত এবং অসমের পর এবার পশ্চিমবঙ্গেও অভিন্ন দেওয়ানি আইন কার্যকর করার পথে এগোচ্ছে রাজ্য সরকার। প্রশাসনিক সূত্রের খবর, চলতি বিধানসভা অধিবেশনের আগামী সপ্তাহেই এ সংক্রান্ত বিল পেশ করা হতে পারে। বিলটি বিধানসভায় পাশ হলে উত্তরাখণ্ড, গুজরাত ও অসমের পর পশ্চিমবঙ্গ হবে অভিন্ন দেওয়ানি আইন কার্যকর করা দেশের চতুর্থ বিজেপি-শাসিত রাজ্য। সরকারি সূত্রের দাবি, বিভিন্ন ধর্মের জন্য পৃথক ব্যক্তিগত আইনের পরিবর্তে বিবাহ, বিবাহবিচ্ছেদ, দত্তক গ্রহণ, উত্তরাধিকার এবং সম্পত্তি বণ্টনের মতো দেওয়ানি বিষয়গুলিতে অভিন্ন আইনি কাঠামো গড়ে তোলাই এই বিলের মূল লক্ষ্য। রাজ্যের সামাজিক বাস্তবতা এবং বিভিন্ন সম্প্রদায়ের মতামত বিবেচনা করেই বিলের চূড়ান্ত খসড়া তৈরি করা হয়েছে বলে প্রশাসনিক মহলের দাবি।

বাজ-বৃষ্টিতে পিলে চমকাল কলকাতার

নিজস্ব প্রতিবেদন: সকাল থেকে চাঁদি ফাটা রোদ। দুপুর থেকেই দ্রুত বদলাতে শুরু করে কলকাতার আবহাওয়া। কিছুক্ষণের মধ্যে কলকাতার আকাশ ছেয়ে যায় ঘন কালো মেঘে। এরপরই ভরদুপুরেই অন্ধকার চারপাশ। কিছুক্ষণের মধ্যে শুরু হয় তুমুল ঝড়বৃষ্টি। সঙ্গে মুহুর্মুহু বজ্রপাত। মূলত এদিন, কলকাতায় তুমুল ঝড়বৃষ্টির সঙ্গে ঘন ঘন বজ্রপাত হয়। দুপুর সাড়ে ১২টা নাগাদ বৃষ্টি শুরু হয়। বাঁকুড়া, নদিয়া মেদিনীপুর-সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলায় বৃষ্টি শুরু হয়। সঙ্গে ঝড়ো হাওয়া। রীতিমতো দুর্যোগের পরিস্থিতি তৈরি হয়। ইতিমধ্যেই বজ্রপাতে একজনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে।

একনাগাড়ে বৃষ্টি হওয়ায় সেন্ট্রাল অ্যাভিনিউ, স্ট্র্যান্ড রোড, ঠনঠনিয়া কালীবাড়ি চত্বর, সল্টলেক, সেক্টর ৫-সহ একাধিক জায়গায় জল জমে যায় কিছুক্ষণেই। দফায় দফায় বজ্রবিদ্যুৎ-সহ বর্ষণে মুহূর্তেই জল জমে যায় শহরের অন্যতম গুরুত্বপূর্ণ হাসপাতালগুলিতে। টানা বর্ষণের জেরে প্রায় গোড়ালি পর্যন্ত জমে জল। তবে শুধু আরজিকর নয়, জল থইথই শহরের একাধিক হাসপাতাল। এই তালিকা থেকে বাদ যায়ি শহরের সুপার স্পেশ্যালিটি হাসপাতাল এসএসকেএম-ও। কলকাতা জুড়ে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি, দুর্যোগের জেরে যান চলাচলে বিঘ্ন। জলমগ্ন আশুতোষ মুখার্জি রোড, শরৎ বোস রোড, আমির আলি অ্যাভিনিউ, আমহার্স্ট স্ট্রিট, ক্যামাক স্ট্রিট। এছাড়াও জলমগ্ন আলিপুর রোড, পার্ক স্ট্রিট। অন্যদিকে, সিআর অ্যাভিনিউ, মহাত্মা গান্ধি রোড, এজেসি বোস রোড, কলেজস্ট্রিট, মা ফ্লাইওভার, থিয়েটার রোডে যান চলাচলে বিঘ্ন। ইতিমধ্যেই গোটা বিষয়টি নিয়ে সতর্ক প্রশাসন।

শ্রেণিবদ্ধ
বিজ্ঞাপন

নাম -পদবী পরিবর্তন

আমার DRIVING LICENSE এ আমার নাম **MIR MOHAMMAD OMAR** এবং পিতার নাম **MIR MOHAMMAD SAFIKUR JAMAN** আছে গত 5-6-26 তারিখে Judicial Magistrate বারাসাত কোর্টে 13826 no এফিডেভিট বলে আমি **MIR MAHAMMAD OMAR S/O MIR MOHAMMAD SAFIQUZZAMAN OMAR** নামে পরিচিত হলাম। **MIR MOHAMMAD OMAR S/O MIR MOHAMMAD SAFIKUR JAMAN** এবং **MIR MAHAMMAD OMAR S/O MIR MOHAMMAD SAFIQUZZAMAN OMAR** সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম -পদবী পরিবর্তন

আমার Driving licence এ আমার নাম **MAHAMMAD FIROZ S/O SK. NUR MOHAMMAD** আছে গত 2-6-26 তারিখে Judicial Magistrate Alipore Court 19019 No এফিডেভিট বলে আমি **SK. MAHAMMAD FIROZ S/O SALEKH NUR MOHAMMAD** নামে পরিচিত হলাম। **MOHAMMAD FIROZ S/O SK NUR MOHAMMAD** এবং **SK MAHAMMAD FIROZ S/O SALEKH NUR MAHAMMAD** সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

I, **Nilanjana Dey Deb**, W/o Debajyoti Dey, Resident of Flat No. 15/3/A2, 49C, Gobindapur Road, Lake Gardens, P.O- Lake Gardens, P.S- Lake, Kolkata - 700045. Do hereby declares that I have changed my name from **Nilanjana Dey Deb** (Old Name) to **Nilanjana Deb** (New Name) and henceforth I shall be known as **Nilanjana Deb** in all Purpose vide an affidavit (No. 22413) sworn before the Judicial Magistrate court at Kolkata on 24/06/2026. **Nilanjana Deb** and **Nilanjana Dey Deb** both are same and one identical person.

CHANGE OF NAME

I, Dipok Kumar Das S/o Late Ramesh Chandra Das resident at 80/1/1, Dakshin Pally, Rahara, Khardah (M), North 24 Parganas, West Bengal-700118 do hereby declare that I have changed my name from Dipok Kumar Das to **Dipak Das** and Henceforth, I shall be known as **"Dipak Das"** instead of "Dipok Kumar Das" in all purpose, sworn before the Ld. 1st Class Judicial Magistrate at Baruipur on 15.06.2026. **Dipak Das** & Dipok Kumar Das are same and identical person.

CHANGE OF SURNAME

I, Swapan Kumar Mazumder S/o Baikuntha Kumar Mazumder resident at Shivsakti Apartment, West Pansila P.O. Pansila, P.S. Khardah, Dist-24 Parganas (North), Kolkata-700112 do hereby declare that my son's Passport surname had been written as Majumder in place of Mazumder & aforesaid passport my wife's surname also had been written as Majumder in place of Majumdar. I am swearing this affidavit to correct my surname as Mazumder and my wife's surname as Majumdar in the passport of my son Manosij Mazumder, as declared before the Court of Ld. Judicial Magistrate (1st Class) at Alipore, Kolkata vide affidavit No. 62053 dated 22.06.2026.

NAME CHANGE

I Smt. Riya Paul D/O Sri Sukumar Chandra Paul, W/O Ashok Dasgupta residing at Prasanna Chatterjee Road, P.O. & P.S.-Sinthi, Kolkata-700111, Dist.- North 24 Parganas do hereby declare that in my Voter Card, PAN a/c Pan Card, [illegible] & Ration Card my name was Riya Paul. But in my Passport my name wrongly written "Riya Paul Dasgupta" instead of my actual name "Riya Paul". "Riya Paul" and "Riya Paul Dasgupta" is the same and one identical person through an affidavit 1st class Judicial Magistrate Court at Barrackpore dt. [illegible]

আজকের দিনটি কেমন যাবে?

আজ ২৬শে জুন, ১১ই আষাঢ় শুক্র বার, দ্বাদশী তিথি। জন্মে তুলা রাশি, অষ্টোত্তরী বুধের ও বিংশোত্তোরী বৃহস্পতি র মহাদশা, মৃতে ত্রীপাদ দোষ।

মেষ রাশি : অশুভ শনি। তবুও দিনটি শুভ। ছাত্র ছাত্রীদের জন্য ও শুভ। নতুন ব্যবসা বৃদ্ধির সম্ভাবনা। পরিবারে শান্তির বাতাবরণ। কোনো সুখবর নিয়ে বান্ধব বা স্বজন পরিবারে আসবে। প্রতিবেশীর দ্বারা সুখ বৃদ্ধি। জল, তরল পদার্থ, কেমিক্যালের এর ব্যবসা যারা করছেন তারা আগামীকাল লাভবান হবেন। মন্ত্র ওম নমঃ শিবায়। শুভ দিক পূর্ব। শুভ রং সাদা।

বৃষ রাশি : আজ বিপদ মুক্ত। পরিবারে দীর্ঘদিন ধরে চলে আসা সমস্যার পথ বেরোবে। গুপ্ত শত্রুর ষড়যন্ত্র থাকব, তবে ক্ষতির সম্ভবনা নেই। নারীর দ্বারা সম্মান বৃদ্ধি। পুরাতন বান্ধব দ্বারা আর্থিক সুযোগ বৃদ্ধি। প্রবীণ প্রতেবেশি কিছুদিন আগেও যার সাথে বিবাদ ছিল তার দ্বারা সম্মান বৃদ্ধি। বিদ্যার্থীদের শুভ। মন্ত্র ওম গণ গণেশায় নমো। শুভ দিক উত্তর। শুভ রং ঘিয়ে।

মিথুন রাশি : অশুভ শনি।খুব সতর্কতার সঙ্গে আজ সম্পর্ক তৈরী করুন। কোনো ছলনাময়ী নারী বা পুরুষের দ্বারা সামাজিক সম্মান হানি। ঋণ বিষয় তর্ক, বিতর্ক থেকে সতর্কতা অবলম্বন প্রয়োজন। সন্ধ্যার পর অপরিচিতের ফোন না ধরা শুভ। স্বল্প পরিচিতর হঠাৎ নিমন্ত্রনে অপরিচিত জায়গায় না যাওয়া শুভ। মন্ত্র দুর্গে দুর্গে রক্ষিণী স্বাহা। শুভ দিক পূর্ব। শুভ রং সবুজ।

কর্কট রাশি : আজ ধনপ্রাপ্তি, অর্থপ্রাপ্তি, সম্পদপ্রাপ্তির প্রভুত সম্ভাবনা। আলোচনা চলাকালীন হঠাৎ মেজাজ হারালে বিশেষ ক্ষতি। স্বামী-স্ত্রীর মধ্যে বিশেষ আলোচনায় পরিবারে নতুন কোনো জিনিস আসতে পারে। প্রতিবেশীর দ্বারা শুভ। বিদ্যার্থীদের শুভ। প্রবীণ নাগরিকদের সঙ্গে কথা বলার সময়ে প্রতিউত্তর না দেওয়া ভালো। মন্ত্র ওম নমঃ শিবায়। শুভ রং সাদা। শুভ দিক পূর্ব।

সিংহ রাশি : শুভ সময়। তবে বিদেশ যাওয়ার পরিকল্পনা থাকলে একটু ভেবে নিন। বাড়ি-ঘর, জমি সংক্রান্ত সমস্যার সমাধানের পথ খুঁজে পাবেন। দীর্ঘদিন ধরে চলে আসা সমস্যার পথ এক বন্ধুর সহযোগিতায় মুক্ত হবে। বিদ্যার্থীদের পক্ষে শুভ। প্রেমিক যুগল সতর্ক থাকুন তাড়াহুড়ো করে কোনো সিদ্ধান্ত নেবেন না। মন্ত্র ওম নমঃ গণেশায়। শুভ রং হলুদ। শুভ দিক উত্তর।

কন্যা রাশি : ব্যাবসার দিকে লাভ প্রাপ্তি। এক কৃষ্ণবর্ণ বান্ধব দ্বারা ক্ষতির সম্ভাবনা। পরিশ্রমের দ্বারা সফলতা কথাটা ভুলে গেলে আজ ক্ষতি। বৈবাহিক জীবনে তৃতীয় ব্যাক্তির প্রবেশে সাংসারিক শান্তি নষ্টের ইঙ্গিত। দূর ভ্রমণে না যাওয়া ভালো। স্পষ্ট কথা বলা ভালো তবে অন্যকে কষ্ট না দিয়ে। মন্ত্র নমঃ শিবায় / কৃষ্ণায়। শুভ রং সবুজ। শুভ দিক দক্ষিণ।

তুলা রাশি : আজ দাম্পত্য সুখ নিশ্চিত। পরিবারে ধন বৃদ্ধি, ব্যবসা বৃদ্ধি। গুপ্ত শত্রু প্রতিবেশী সেজে দুশ্চিন্তা বৃদ্ধি করবে। মায়েদের প্রসূতি রোগে কষ্ট বুদ্ধি। স্বজন-পরিজন থেকেও না থাকার মতন। আগামীকাল একটি সুখবর আসবে সান্ধ্যকালীন। প্রেমিক যুগল বিবাহের কথা পাকা করতে পারেন। মন্ত্র নমঃ শ্রী বিষ্ণু। শুভ রং সাদা। শুভ দিক পশ্চিম।

বৃশ্চিক রাশি : অশুভ বুধ । প্রভাব শালী রাজনৈতিক ব্যাক্তির দ্বারা উপকার পাওয়া যাবে। প্রেমিক যুগল সতর্ক থাকুন হঠাৎ বিবাদ-বিতর্ক শুরু হতে পারে। নষ্ট হয়ে যাওয়া সম্পর্ক থেকে লাভ প্রপ্তি। পরিবারে গুরুজনের শরীর নিয়ে দুশ্চিন্তা। নিজ নাম এ নয় অন্যের সম্পত্তি থেকে লাভ প্রপ্তি। প্রতিবেশীর সঙ্গে সম্পর্ক শুভ হবে। মন্ত্র সং শনি দেবায় নমঃ। শুভ রং লাল। শুভ দিক পশ্চিম।

ধনু রাশি : গৌর বর্নের মানুষ থেকে সচেতন থাকতে হবে। যার সহযোগিতা চেয়েছিলেন তার সহযোগিতা পাওয়া যাবে। বান্ধব সহযোগে ভ্রমণের দ্বারা অতীব শুভ। অর্থ বৃদ্ধি নাহলেও শুভ সংকেত আগামীকাল দেখা যাবে। সন্ধ্যার পর কোনো নিমন্ত্রনে গেলে লাভ প্রাপ্তি। মন্ত্র দুর্গা মন্ত্র। শুভ রং হলুদ। শুভ দিক উত্তর।

মকর রাশি : গুপ্ত শত্রু।পীড়া ও শরীর ব্যাধি। মোবাইল ফোন দ্বারা কোনো স্বজন সম্পর্কে অশুভ সংবাদ প্রপ্তি হবে। পরিবারে প্রবীণ নাগরকিদের নিয়ে চিকিৎসকের শরণাপন্ন হওয়ার সম্বাভনা। দাম্পত্য সুখে বিবাদ। পরিবারে নৈরাশ্যবাদ হতাশা বৃদ্ধি। মন্ত্র কৃষ্ণ মন্ত্র। শুভ রং কালো। শুভ দিক পশ্চিম।

কুম্ভ রাশি : গুপ্ত শত্রু । আর্থিক সহযোগিতা বাধা নাই। সচেতন থাকা শুভ। তর্ক বিতর্কে গেলে ক্ষতির সম্ভাবনা।বিশেষত দুপুর বেলা রাহু কাল চলাকালীন সতর্ক থাকা শুভ। যে কাজ এখনো হয়নি প্রকাশে তা নিয়ে আলোচনা করা ঠিক নয়। সবাইকে আপন ভাবলে বিপদ বৃদ্ধি। প্রেমিক যুগল ধৈর্য ধরুন শুভ হবে। ছলনাময় মানুষকে চিনতে শিখুন। মন্ত্র কৃষ্ণ মন্ত্র। শুভ রং নীল। শুভ দিক পশ্চিম।

মীন রাশি : কৃষ্ণ বর্নের মানুষ থেকে সচেতন থাকতে হবে। অশুভ শনি। প্রতিবাদে না গেলে ক্ষতি কি? পরিশ্রমের ফল পাওয়া যাবে। ট্যাক্স সম্পর্কিত কাগজপত্র দ্বারা লাভ প্রাপ্তি। দু একদিনের মধ্যে নতুন ব্যবসা শুরু না করা ভালো। প্রতিবেশীর সঙ্গে সম্পর্ক শুভ হবে। প্রেমে সফলতা প্রাপ্তি। তবে গৌর বর্ণের শত্রু কে চিনে নিন। মন্ত্র শিব মন্ত্র। শুভ রং হালকা হলুদ।

(বসুধাদেব্যার্বিভাব, রাষ্ট্রসংঘ সনদ দিবস, অম্বুবাচী নিবৃত্তি সকাল, ৯/৩৩ মিনিটে)

CHANGE OF NAME

I, Narendar Kaur, W/o. Late Kulwant Singh, R/o. Near Gurudwara, Sahaganj, Chinsurah, Hooghly-712104, W.B., do hereby declare that in my present Aadhaar Card where my name has been recorded as Narinder Kaur instead of my actual & original name Narendar Kaur, which has been required to be rectified by dint of this affidavit. I, Narendar Kaur & Narinder Kaur W/o. Late Kulwant Singh both are the same & one identical person vide an affidavit no. 15365, dated 25.06.2026, sworn before 1st Class Judicial Magistrate, Sadar Hooghly Court.

নাম -পদবী পরিবর্তন

গত 16/06/2026, S.D.E.M., সদর, হুগলী কোর্টে 35 নং এফিডেভিট বলে আমি Dipanwita Kar Sinha ও Dipanwita Sinha W/o. Pijush Kanti Sinha & D/o. Shib Shankar Kar সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

গত 22/08/2024, S.D.E.M., সদর, হুগলী কোর্টে 20 নং এফিডেভিট বলে আমি Amit Dhar S/o. Nanigopal Dhar ও Amit Kumar Dhar S/o. Nanigopal Dhar সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

গত 22/06/2026, S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে 10412 নং এফিডেভিট বলে আমি Susanta Bardhan ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Manoj Ranjan Bardhan ও Lt. N. Bardhan সাং ভদ্রেশ্বর, হুগলী সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

গত 22.06.2026 তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী, কোর্টে 17800 নং এফিডেভিড বলে আমি, Dutta Moumita Satyanarayan, D/o. Satyanarayan Dutta & W/o. Abhijit Kar, R/o. 33/32 Doctors Lane, Motijhil, Chinsurah, Hooghly-712101, W.B., ঘোষণা করিয়াছি যে, আমার আধার কার্ডে ও ভোটার কার্ডে আমার সঠিক নাম Dutta Moumita Satyanarayan, D/o. Satyanarayan Dutta-এর পরিবর্তে Moumita Dutta D/o. Satyanarayan Dutta এবং আমার প্যান কার্ডে আমার নাম Moumita Dutta D/o. Satyanarayan Kanailal Dutta লিপিবদ্ধ আছে এবং এই এফিডেভিট বলে আমার সকল নথিপত্রে আমার সঠিক নাম লিপিবদ্ধ করিতে চাই। আমি Dutta Moumita Satyanarayan & Moumita Dutta সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

গত 26/02/2026 তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী, কোর্টে 6797 নং এফিডেভিড বলে আমি, Krishnachandra Ghosh S/o. Late Sharat Chandra Ghosh, R/o. Vivekananda Nagar, Pandua, Hooghly-712149, W.B., ঘোষণা করিয়াছি যে, আমার পুত্রের (Bappa Ghosh) আধার কার্ডে আমার সঠিক নাম Krishnachandra Ghosh-এর পরিবর্তে Krishna Chandra Ghosh এবং আমার আধার কার্ডে আমার নাম Krishnachanrda Ghosh এবং পুত্রের মাধ্যমিক নথিপত্রে (W.B.B.S.E.) আমার নাম Krishna Pada Ghosh লিপিবদ্ধ আছে এবং এই এফিডেভিট বলে সকল নথিপত্রে আমার সঠিক নাম Krishnachandra Ghosh লিপিবদ্ধ করিতে চাই। আমি Krishnachandra Ghosh, Krishna Chandra Ghosh, Krishnachanrda Ghosh ও Krishna Pada Ghosh S/o. Late Sharat Chandra Ghosh, সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

গত 19/06/2026 তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী, কোর্টে 14900 নং এফিডেভিট বলে আমি Sekh Safiullah (old name), S/o. Sekh Sahidullah, R/o. Kankrajole, Jejur, Haripal, Hooghly-712405, W.B., ঘোষণা করিয়াছি যে, আমি Sekh Safiullah নাম পরিবর্তন করিয়া সর্বত্র Sekh Safiulla (new name) নামে পরিচিত হইয়াছি। আমি Sekh Safiulla & Sekh Safiullah S/o. Sekh Sahidullah, সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি। আমার সঠিক D.O.B. 20.02.1984.

গত 24/06/2026 তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী, কোর্টে 13756 নং এফিডেভিড বলে আমি, Esha Chattopadhyay D/o. Ananta Chattopadhyay, R/o. IP 1/11 HNO.-202, 294 G.T. Road, Mahesh, Serampore, Hooghly-712202, W.B., ঘোষণা করিয়াছি যে, আমার ভোটার কার্ডে আমার সঠিক নাম Esha Chattopadhyay-এর পরিবর্তে Sneha Chattopadhyay লিপিবদ্ধ আছে এবং এই এফিডেভিট বলে আমার ভোটার কার্ডে আমার সঠিক নাম Esha Chattopadhyay লিপিবদ্ধ করিতে চাই। আমি Esha Chattopadhyay ও Sneha Chattopadhyay D/o. Ananta Chattopadhyay, সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

FFID VIT

I, **Sk Safiuddin** S/O Sk Sundar Ali residing at Village- Bagmari Paschim Para, P.O. & P.S.- Budge Budge, Dist.- South 24 Parganas, PIN - 700137 do hereby declare vide affidavit no. 5660 dated 15.01.2020 before the 1st Class Judicial Magistrate at Alipore that my father's real and actual name is Sk Sundar Ali and it is recorded in my Aadhaar, PAN and Ration Card but my father's name has been erroneously entered as Sk Sunder Ali in my Voter ID Card, Driving Licence, Passport, OBC Certificate and documents issued by WBBSE and WBCHSE.Sk Sundar Ali and Sk Sunder Ali i.e. my father is the same and one identical person.

FFID VIT

I, Rupesh Kumar Hasmukhlal Whora S/O Late Hasmukhlal Amichand Whora doing business and resident of 41, Elgin Road, Neelkamal Building, Flat - 5G, 5th Floor, Kolkata - 700020 do hereby declare vide affidavit before the Notary Public, Kolkata dated 24.06.2026 that my deceased father's correct and actual name is Hasmukhlal Whora which has been recorded in my Aadhaar and PAN Card but in my Passport being no. N7874496, my father's name has been recorded as Hasmukhlal Amichand Whora. Hasmukhlal Whora and Hasmukhlal Amichand Whora i.e. my deceased father is the same and one identical person.

CHANGE OF NAME

I, Rupesh Kumar Hasmukhlal Whora S/O Late Hasmukhlal Amichand Whora doing business and resident of 41, Elgin Road, Neelkamal Building, Flat- 5G, 5th Floor, Kolkata-700020 have changed my name and shall henceforth be known as Rupesh Hasmukhlal Whora as declared before the Notary Public, Kolkata dated 24.06.2026.Rupesh Kumar Hasmukhlal Whora and Rupesh Hasmukhlal Whora is the same and one identical person.

এতদ্বারা জানানো যায় যে, আমরা ১) বিন্দেশ্বর রাই, ২) দেবনারায়ন রাই গত ইং. ০৮.০৬.২০২৪ তারিখে ডি.এস.আর.-I হুগলী, দলিল নং. I-৫৯১৭/২০২৪ দ্বারা আমাদের বিক্রেতা ১) মন্দিরা ঘোষ এবং ২) অরিন্দম ঘোষ কর্তৃক নিযুক্ত আমমোক্তার নং. I-৫৭৮১/২৪, তাং. ০২.০৬.২০২৪ ডি.এস.আর.-I হুগলী আমমোক্তার গ্রহীতা সঞ্জয় সাউ-এর কাছ থেকে নিম্নবর্নিত জমি খরিদ করিয়াছি। জেলা-হুগলী, থানা-শ্রীরামপুর, মৌজা-দীর্ঘাঙ্গ, জে.এল. নং. ৪, এল.আর. খতিয়ান নং-১৫৫১৮, ১৫৫১৭, এল.আর. দাগ নং.- ২২২৮, জমির পরিমান- ০১ কাঠা ০৭ ছটাক ৩৬ ব.ফু.।

উক্ত আমমোক্তার বিষয়ে কাহারও কোনও আপত্তি থাকিলে আগামী ১ মাসের মধ্যে শ্রীরামপুর বি.এল.আর. অফিস-এ যোগাযোগ করিবেন।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, আমার মক্কেল গোপাল মন্ডল, পিতা- বাদল মন্ডল, সাং মইলকা, পোঃ দিগনগর, থানা- কোতয়ালী, জেলা নদীয়া গত ইং ০৪.০৩.২০১১ তারিখের কৃষ্ণনগর ADSR অফিসের I-2740/11 নং দানপত্র দলিল বলে নদীয়া জেলার কোতয়ালী থানার ১২০ নং মইলকা মৌজায় R.S ১৭০ নং ও L.R ২৫ নং খতিয়ানে R.S ও L.R ৬৯ নং দাগে ৩.৩ শতক জমি (১) হরিশ মন্ডল ও (২) শ্যামল মন্ডল, উভয়ের পিতা- বাদল মন্ডল, উভয়ের সাং মইলকা, পোঃ দিগনগর, থানা- কোতয়ালী, জেলা নদীয়ার নিকট হইতে দানপত্র দলিল মূলে প্রাপ্ত হয়েন। উক্ত হরিশ মন্ডল ও শ্যামল মন্ডল উক্ত সম্পত্তি গত ইং ০৩.০২.২০০৩ তারিখের কৃষ্ণনগর ADSR অফিসের I-1052 নং বিক্রয় কোবলা দলিল বলে অনুপ জোয়ার্দ্দার দিং দিগের নিকট হইতে প্রাপ্ত হয়েন। অনুপ জোয়ার্দ্দার দিং উক্ত সম্পত্তি গত ইং ২০.০২.১৯৮৬ তারিখের কৃষ্ণনগর DSR অফিসের IV-36/1986 নং আমমোক্তার দলিলবলে অনুভা সরকার দিং দিগরের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত হয়েন। এক্ষণে আমার মক্কেল তাহার উক্ত সম্পত্তি নিজ নামে রেকর্ডভুক্ত করাইতে ইচ্ছুক। এই ব্যাপারে যদি কাহারো কোন আপত্তি থাকে তাহা হইলে এই বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে কৃষ্ণনগর B.L & L.R.O অফিসে যোগাযোগ করিবেন, অন্যথায় আইন মোতাবেক কার্য্য হইবে। ত্রিদিব প্রামাণিক, এ্যাডভোকেট, কৃষ্ণনগর জাজেস কোর্ট।

॥ বিজ্ঞপ্তি ॥

অত্র বিজ্ঞপ্তি দ্বারা ঘোষনা করা যাইতেছে যে, আমার মক্কেল শ্রী মানিক সাঁতরা পিতা- মহাদেব সাঁতরা, সাং- কোটালঘাটা, পোষ্ট- কুশবেড়িয়া, থানা- উলুবেড়িয়া, জেলা- হাওড়া, পিন নং- ৭১১৩১৬, হাওড়া জেলার অন্তর্গত উলুবেড়িয়া থানার অধীনে ১০৭ নং জে. এল. ভুক্ত কোটালঘাটা মৌজায় এল আর - ১০৪ ও ৪৯৩/১ নং খতিয়ানে লিখিত অর. এস- ২০ নং দাগ হইতে আগত এল আর ২২ নং দাগে (০.৫০ ও ০.৮০ শতক) মোট ১.৩০ শতক ডাঙা সম্পত্তি যাহা শ্রী আসিক হোসেন খাঁন, রাকিব হোসেন খান, রোজিনা বেগম মল্লিক (০.৫০ শতক) ও শ্রীমতী ললিতা পারাল, ফাল্গুনী পল্লে, শর্মিলা পাজা (০.৮০ শতক) উক্ত বিক্রেতাগনের পক্ষে আমমোক্তার শ্রী সুমন্ত কুমার ঘোষ ও প্রদীপ পারাল (আমমোক্তার নামা নং- ৭০৭৮, ইংরাজী ১১/১২/২০২৩ তারিখে এবং ৪০৯৫, ইংরাজী ১৪/০৭/২০২৩ তারিখে যাহা A.D.S.R ULUBERIA অফিসে রেজিস্ট্রী হইয়াছিল) ঐ দুটি আমমোক্তার মূলে শ্রী সুমন্ত কুমার ঘোষ ও প্রদীপ পারাল মহাশয় ক্ষমতা প্রাপ্ত হইয়া উপরি উল্লেখিত মোট ১.৩০ শতক ডাঙা সম্পত্তি আমার মক্কেল শ্রী মানিক সাঁতরা মহাশয়াকে ০৮৪৭ নং রেজিস্ট্রীকৃত বিক্রয় কোবালা পত্র দ্বারা বিক্রয় করিয়া দেন যাহা A.D.S.R ULUBERIA অফিসে গত ইংরাজী ০৮/০২/২০২৪ তারিখে হইয়াছিল। উক্ত সম্পত্তি শ্রী মানিক সাঁতরা মহাশয়া পূর্বতন মালিকের নাম খারিজ করিয়া নিজ নামে রেকর্ড করিবার জন্য B. L & L.RO ULUBERIA- I অফিসে আবেদন করিয়াছেন। এ বিষয়ে কাহারও কোন আপত্তি থাকিলে B. L & L.RO ULUBERIA - I অফিসে বিজ্ঞপ্তি প্রকাশের এক মাসের মধ্যে অবহিত করিবেন, নতুবা আইন মোতাবেক কার্য্য হইবে।

অনাদ্রী শেখর মণ্ডল, আইনজীবি, উলুবেড়িয়া কোর্ট

॥ বিজ্ঞপ্তি ॥

আমার মক্কেল শ্রীমতী শিবানী দাস, স্বামী - শ্রী আকাশ দাস, সাকিম - মোগলটুলি হরিজন পল্লী, পোঃ ও থানা - চুঁচুড়া, জেলা - হুগলী, পিন- ৭১২১০১, গত ইং ১৯/৯/২০২৫ তারিখে এ. ডি. এস, আর, চুঁচুড়া হুগলী অফিসে রেজিষ্ট্রীকৃত ০৬০৩১২২৯৮/২০২৫ নং দলিল মূলে, শ্রী তড়িৎ বারিদ রায় ওরফে তড়িৎ রায়, পিতা - স্বর্গীয় বারিদ বরণ রায়, সাং- পার্বতী রায় লেন, পোঃ ও থানা চুঁচুড়া, জেলা - হুগলী, পিন- ৭১২১০১, মহাশয়ের স্বত্বদখলীয়, থানা ও মৌজা - চুঁচুড়া, এল. আর ১০৪৩২ দাগের, এল. আর. ১৩৭, ২০৫৪, ৩৩১২, ৫১৭০, ৭০৩৭, ৯০৪১, ৯০৪২, ৯০৪৩, ও ৯০৪৪ নং খতিয়ানের সম্পত্তি বিগত ইংরাজী ১১/০৭/২০২৪, তারিখে জয়েন্ট সাবরেজিষ্ট্রার, ক্লাস - হাভেলী - ১১, পুনে মহারাষ্ট্র অফিসে রেজিষ্ট্রীকৃত ২০২৪ সালের ৪/১১৫৪৯ নং আমমোক্তারনামা দলিল মূলে তাহার নিযুক্তীয় আমমোক্তার শ্রী বিদ্যুৎ রায়, পিতা - স্বর্গীয় বারিদ বরণ রায়, সাকিম - পার্বতী রায় লেন, পোঃ ও থানা - চুঁচুড়া, জেলা - হুগলী, পিন- ৭১২১০১, মহাশয়ার মাধ্যমে খরিদ করিয়া নিজ নামে মিউটেশনের জন্য বি. এল. এন্ড এল. আর. ও. চঁচড়া-মগরা ব্লক অফিসে আবেদন করিয়াছেন । আমার মক্কেলের উক্ত আমমোক্তারনামা দলিল মূলে খরিদা সম্পত্তি, তাহার নাম পত্তন সম্পর্কে কাহারও যদি আপত্তি থাকে তাহা অত্র বিজ্ঞপ্তি প্রকাশ হইতে ১ মাস সময়ের মধ্যে উপযুক্ত অফিসে বা আদালতে আপত্তি দাখিল করিতে হইবে । অন্যথায় আইন মাফিক কার্য করা হইবে ।

শিশির সাহা (এ্যাডভোকেট)
হুগলী জজ আদালত, চুঁচুড়া।

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

উত্তর ২৪ পরগনা

অ্যাড কানেক্সন
সন্তোষ কুমার সিং
হোম নং -৩, বিএল নং-১৮, মেঘনা মোড়, পোস্ট ও থানা-জগদ্দল, উত্তর ২৪ পরগনা, ফোন- ৮৩৩৬০ ৮৮৭২১
ইমেইল- **adconnexon@gmail com**

এ.এন. বিজ্ঞাপন গ্রহনকেন্দ্র
সেখ আজাহার উদ্দিন, বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০১২৪, মোঃ- ৯৭৩৩৬৫২৬৩৬

হুগলি

মা লক্ষ্মী জেরক্স সেন্টার,
সর্বাণী চ্যাটার্জি, ঠিকানা কোর্টের ধার ওল্ড জেলা পরিষদ, চুঁচুড়া, জেলা হুগলি, পিন: ৭১২১০১, মোঃ ৯৪৩৩১৬৮৯১৮।

জিৎ অ্যাডভার্টাইজিং এজেন্সি,
প্রসেনজিৎ সামন্ত, ঠিকানা- দলুইগাছা, সিঙ্গুর, বন্ধন ব্যাঙ্কের পাশে, জেলা- হুগলী, পশ্চিমবঙ্গ, মোঃ ৯৮৩১৬৯৯২৪৪

নদিয়া

টাইপ কর্ণার,
নিরঞ্জন পাল, ঠিকানা : কালেক্টরি মোড়, এসপি বাংলোর বিপরীতে, পোঃ কৃষ্ণনগর, জেলাঃ নদিয়া, পিন: ৭৪১১০১, মোঃ ৯৪৭৪৩৩৪৯৭৮

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

৩০ জুন চালু হচ্ছে 'প্যালিওইন্ডিয়া' পোর্টাল, উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী ও ভূপেন্দ্র যাদব

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: কলকাতায় অবস্থিত জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া (জেডএসআই)-এর ১১১তম প্রতিষ্ঠা দিবসে দেশের জীবাশ্ম ঐতিহ্যকে বড় পরিসরে তুলে ধরতে ডিজিটাল পদ্ধতিতে ধরতে চালু হতে চলেছে 'প্যালিওইন্ডিয়া পোর্টাল'। আগামী ৩০ জুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব যৌথভাবে এই পোর্টালের উদ্বোধন করবেন।

জেডএসআই এবং চেন্নাইয়ের ন্যাশনাল সেন্টার ফর সাসটেইনেবল কোস্টাল ম্যানেজমেন্টের যৌথ উদ্যোগে তৈরি এই পোর্টালে দেশের বিভিন্ন প্রান্তে পাওয়া প্রাণীজ জীবাশ্মের তথ্য একত্রিত করা হয়েছে। জেডএসআই সূত্রের দাবি, এটি ভারতের জীবাশ্ম-সংক্রান্ত তথ্যভাণ্ডারকে গবেষক, শিক্ষার্থী এবং সাধারণ মানুষের কাছে আরও সহজলভ্য করে তুলবে।

জেডএসআই-এর অধিকর্তা ধৃতি বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, রিয়েল-টাইম তথ্য আপডেট ব্যবস্থাসম্পন্ন এই পোর্টালে দেশের ২৮টি রাজ্য ও ৮টি কেন্দ্রশাসিত অঞ্চলের জীবাশ্ম সংক্রান্ত তথ্য সংরক্ষিত থাকবে। স্তন্যপায়ী, সরীসৃপ, পাখি, মাছ, উভচর-সহ বিভিন্ন শ্রেণির ৫ হাজারেরও বেশি নমুনার তথ্য এতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

একই অনুষ্ঠানে প্রকাশ করা হবে 'অ্যানিম্যাল ডিসকভারিজ, ২০২৫' এবং 'প্ল্যান্ট ডিসকভারিজ, ২০২৫' শীর্ষক প্রতিবেদন। নতুন প্রজাতি ও জীববৈচিত্র্য সংক্রান্ত গুরুত্বপূর্ণ নথিও প্রকাশ্যে আনা হবে।

এদিকে, ৩০ জুন থেকে ২ জুলাই পর্যন্ত কলকাতায় অনুষ্ঠিত হবে 'অ্যানিম্যাল ট্যাক্সোনমিক সামিট-২০২৬'। তার আগে ২৯ জুন শেষ হবে জীববৈচিত্র্য সংরক্ষণে প্রথাগত জ্ঞান ও আধুনিক প্রযুক্তির সমন্বয় নিয়ে আয়োজিত ১১১ ঘণ্টার হ্যাকাথনের চূড়ান্ত পর্ব। জেডএসআই-এর দাবি, গবেষণা, সংরক্ষণ এবং জীববৈচিত্র্য বিষয়ক তথ্যপ্রযুক্তি ব্যবহারে এই উদ্যোগ নতুন দিগন্ত খুলে দিতে পারে।

সিবিএসই দ্বাদশ শ্রেণির বোর্ড পরীক্ষায় সৌমিলি মৈত্র আঞ্চলিক শীর্ষস্থান অধিকারী

ওড়িশা: কটকের সাই ইন্টারন্যাশনাল রেসিডেন্সিয়াল স্কুল (এসআইআরএস) অত্যন্ত গর্বের সঙ্গে ঘোষণা করছে যে, সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন (সিবিএসই) কর্তৃক পরিচালিত উত্তরপত্র পুনর্মূল্যায়নের পর, হিউমানিটিজ বিভাগের ছাত্রী সৌমিলি মৈত্র ওড়িশা, পশ্চিমবঙ্গ এবং ছত্তিশগড় জুড়ে সিবিএসই দ্বাদশ শ্রেণির বোর্ড পরীক্ষা ২০২৬-এ রিজিওনাল টপার হিসেবে নির্বাচিত হয়েছেন।

কলকাতার বাসিন্দা সৌমিলি ৯৯.১০ নম্বর পেয়েছেন। তাঁর অসামান্য সাফল্য, পাণ্ডিত্য, অধ্যবসায় তার রাজ্যকে গর্বিত করেছে সঙ্গে আগামীদিনে আরও পড়ুয়াকে উৎসাহ প্রদান করবে?

সাই ইন্টারন্যাশনাল রেসিডেন্সিয়াল স্কুল (এসআইআরএস) ২০২৬ সালের সিবিএসই কর্তৃক দ্বাদশ শ্রেণির পরীক্ষায় অসামান্য সাফল্য অর্জন করেছে এবং স্কুল ৮৯.৪ শতাংশ গড় নম্বর অর্জন করেছে। ২৬.৮ শতাংশ শিক্ষার্থী ৯৫ শতাংশ বা তার বেশি নম্বর পেয়েছে এবং ৪৯.৮ শতাংশ শিক্ষার্থী ৯০ শতাংশ বা তার বেশি নম্বর পেয়েছে।

সৌমিলির এই অসামান্য সাফল্যের জন্য তাঁকে অভিনন্দন জানিয়ে সাই ইন্টারন্যাশনাল এডুকেশন গ্রুপের চেয়ারপার্সন ডঃ শিল্পী সাহু বলেন, সৌমিলির এই অর্জন সমগ্র সাই পরিবারের জন্য অত্যন্ত গর্বের বিষয়। তাঁর নিষ্ঠা, অধ্যবসায় এবং শেখার প্রতি অনুরাগই এই অসাধারণ সাফল্যের মূল কারণ। আমরা তাঁকে, তার বাবা-মাকে এবং তার শিক্ষকদের এই যোগ্য সাফল্যের জন্য অভিনন্দন জানাই এবং তাঁর ভবিষ্যতের সকল প্রচেষ্টায় ধারাবাহিক উৎকর্ষ কামনা করি।

এবিষয়ে সৌমিলি বলেন, এই ফলাফলের জন্য আমি অত্যন্ত আনন্দিত এবং কৃতজ্ঞ। সাই ইন্টারন্যাশনাল রেসিডেন্সিয়াল স্কুলে আমার যাত্রা সত্যিই আমূল পরিবর্তনকারী ছিল। আমার শিক্ষকদের অবিরাম নির্দেশনা, সুসংগঠিত শিক্ষাগত সহায়তা এবং উৎসাহব্যঞ্জক পরিবেশ আমাকে আমার প্রস্তুতি জুড়ে মনোযোগী ও আত্মবিশ্বাসী থাকতে সাহায্য করেছে। আমি আমার বাবা-মা, শিক্ষক এবং পুরো স্কুলের কাছে কৃতজ্ঞ, যারা আমাকে সবসময় আমার সেরাটা দিতে অনুপ্রাণিত করেছেন। এই অর্জন যতটা আমার, ততটাই তাদেরও।

১ জুলাই থেকে শিয়ালদহর ৮ স্টেশনে রিজার্ভেশন কাউন্টার বন্ধ, বাড়ছে ডিজিটাল ব্যবস্থা

নিজস্ব প্রতিবেদন, শিয়ালদহ: রেলের সংরক্ষিত টিকিট কাটতে স্টেশনের কাউন্টারের সামনে দীর্ঘ লাইনের ছবি দ্রুত পরিবর্তন হয়ে যাচ্ছে। সেই পরিবর্তনের পথেই আরও এক ধাপ এগোল পূর্ব রেল। আগামী ১ জুলাই থেকে শিয়ালদহ বিভাগের আটটি স্টেশনে স্থায়ীভাবে বন্ধ হয়ে যাচ্ছে প্যাসেঞ্জার রিজার্ভেশন সিস্টেম (পিআরএস) কাউন্টার।

পূর্ব রেল সূত্রের খবর, আগরপাড়া, টিটাগড়, জগদ্দল, বিরাটি, অশোকনগর রোড, মছলন্দপুর, ঢাকুরিয়া এবং নিউ আলিপুর স্টেশনে ৩০ জুন পর্যন্ত সংরক্ষিত টিকিট কাটা যাবে। তার পর আর কাউন্টার থেকে এই পরিষেবা পাওয়া যাবে না।

ঢাকুরিয়া স্টেশনের এক নিয়মিত যাত্রীর কথায়, এখন বেশিরভাগ টিকিট মোবাইলেই কাটা হয়। তবে বয়স্কদের জন্য কাউন্টার বন্ধ হওয়া কিছুটা অসুবিধার হবে। আবার অন্য এক যাত্রী বলেন, অনলাইন বুকিংয়ের যুগে এই সিদ্ধান্ত অস্বাভাবিক নয়। কিন্তু বিকল্প সহায়তা ব্যবস্থা থাকা দরকার।

পূর্ব রেল এখনও আনুষ্ঠানিকভাবে কারণ জানায়নি। তবে যাত্রীদের ক্রমবর্ধমান অনলাইন নির্ভরতা এবং কাউন্টারে টিকিট বিক্রির হার কমে যাওয়াই এই সিদ্ধান্তের নেপথ্যে কারণ বলেই মনে করছেন নিত্যযাত্রীরা।

অসামাজিক কার্যকলাপ দমনে নতুন আইন

ভাঙচুরে ক্ষতিপূরণ আদায়ে ক্লেমস কমিশন গড়ছে সরকার

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: অসামাজিক কার্যকলাপের বিরুদ্ধে আরও কড়া অবস্থান নিতে এবং দাঙ্গা, অগ্নিসংযোগ কিংবা ভাঙচুরে জন ও ব্যক্তিগত সম্পত্তির ক্ষয়ক্ষতির দায় নির্দিষ্ট করে ক্ষতিপূরণ আদায়ের ব্যবস্থা করতে বিধানসভায় দুটি গুরুত্বপূর্ণ বিল আনছে রাজ্য সরকার। আগামী সোমবার পশ্চিমবঙ্গ জননিরাপত্তা ও অসামাজিক কার্যকলাপ নিয়ন্ত্রণ বিল, ২০২৬ এবং পশ্চিমবঙ্গ জনশৃঙ্খলা রক্ষা (সংশোধনী) বিল, ২০২৬ নিয়ে আলোচনা হবে।

প্রস্তাবিত প্রথম বিলটিতে 'অসামাজিক কার্যকলাপ'-এর পরিধি উল্লেখযোগ্যভাবে বাড়ানো হয়েছে। জনমনে আতঙ্ক সৃষ্টি, আইন শৃঙ্খলা বিঘ্নিত করা, বেআইনিভাবে জমি বা সম্পত্তি দখল, সরকারি ও ব্যক্তিগত সম্পত্তির ক্ষতি, বেআইনি খনি, বালি বা বনজ সম্পদ লুঠ, অস্ত্র, মাদক, বিস্ফোরক কিংবা সংঘবদ্ধ অপরাধমূলক কার্যকলাপের সঙ্গে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার প্রস্তাব রয়েছে।

রাজ্য সরকার বা অনুমোদিত আধিকারিকের রিপোর্টের ভিত্তিতে এধরনের ঘটনায় ব্যক্তিকে প্রতিরোধমূলকভাবে সর্বোচ্চ একবছর আটক করার ক্ষমতাও রাখা হয়েছে। নির্দিষ্ট আইনি প্রক্রিয়া ও হাইকোর্টের প্রাক্তন বিচারপতির নেতৃত্বে উপদেষ্টা পর্ষদ গঠন করে তার মতামতের ভিত্তিতেই সেই সিদ্ধান্ত কার্যকর হবে। নির্দিষ্ট ক্ষেত্রে জেলা শাসক বা পুলিশ কমিশনারকে সমাজবিরোধী ব্যক্তিকে কোনও এলাকা ছেড়ে যাওয়ার নির্দেশ দেওয়া এবং নির্দিষ্ট সময়ের জন্য সেখানে প্রবেশে নিষেধাজ্ঞা জারির ক্ষমতাও দেওয়া হয়েছে।

অন্যদিকে, জনশৃঙ্খলা রক্ষা (সংশোধনী) বিলে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় ক্ষতিপূরণ আদায়ের জন্য 'ক্লেমস কমিশন' গঠনের প্রস্তাব রাখা হয়েছে। এই কমিশন সরকারি বা ব্যক্তিগত সম্পত্তির ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ করবে এবং দোষীদের কাছ থেকে সেই ক্ষতিপূরণ আদায়ের নির্দেশ দিতে পারবে। সরকারি বা বেসরকারি সম্পত্তির মালিক, এমনকী বৈধ দখলদারও কমিশনের কাছে ক্ষতিপূরণের আবেদন করতে পারবেন। ক্ষয়ক্ষতির তদন্তে কমিশন প্রয়োজনে মূল্য নির্ধারক, বিশেষজ্ঞ বা সরকারি আধিকারিকদের সাহায্য নিতে পারবে। কমিশনের নির্দেশে অভিযুক্তের স্থাবর বা অস্থাবর সম্পত্তি অ্যাটাচ করার ক্ষমতাও থাকবে। ক্ষতিপূরণ না দিলে তা ভূমি রাজস্ব বকেয়ার মতো আদায় করা হবে।

বিলে আরও বলা হয়েছে, ক্ষয়ক্ষতির জন্য কেবল প্রত্যক্ষ অভিযুক্তই নয়, যারা উসকানি দিয়েছেন, পরিকল্পনা করেছেন, সংগঠিত করেছেন বা আশ্রয় দিয়েছেন, তাঁদের বিরুদ্ধেও দায় নির্ধারণ করা যাবে। জনসম্পত্তির পাশাপাশি ব্যক্তিগত সম্পত্তির ক্ষতিও ক্ষতিপূরণের আওতায় থাকবে। এমনকী আইনশৃঙ্খলা রক্ষায় প্রশাসনের যে অতিরিক্ত ব্যয় হবে, তাও ক্ষতিপূরণের অংশ হিসেবে ধার্য করার সুযোগ রাখা হয়েছে। বর্তমান আইন এই ধরনের অপরাধ মোকাবিলায় পর্যাপ্ত নয় বলেই সরকারের মত। সেই কারণেই জননিরাপত্তা নিশ্চিত করা, শান্তি-শৃঙ্খলা বজায় রাখা, অসামাজিক কার্যকলাপ প্রতিরোধ এবং ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য এই নতুন আইনি কাঠামো আনা হয়েছে।

হাওড়ায় 'জনগণনা'-র জোরদার প্রস্তুতি, তিন দিনের বিশেষ প্রশিক্ষণ শেষ

নিজস্ব প্রতিবেদন, হাওড়া: আসন্ন জনগণনার কাজকে নির্ভুল ও নির্বিঘ্ন করতে হাওড়া জেলায় প্রশাসনিক প্রস্তুতি একধাপ এগোল। তিন দিনব্যাপী নিবিড় প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে মাঠপর্যায়ের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের হাতে তুলে দেওয়া হল জনগণনা পরিচালনার রূপরেখা ও আধুনিক প্রযুক্তিনির্ভর কাজের কৌশল। প্রশিক্ষণে অংশ নেওয়া এক আধিকারিকের কথায়, শুধু তথ্য সংগ্রহ নয়, তথ্যের নির্ভুলতা ও দ্রুত ব্যবস্থাপনাই এবার সবচেয়ে বড় চ্যালেঞ্জ। এই কর্মশালা সেই প্রস্তুতিকে আরও শক্তিশালী করেছে। নতুন কালেক্টরেট ভবনের সভাকক্ষে আয়োজিত এই কর্মসূচিতে চার্জ অফিসার, অতিরিক্ত চার্জ অফিসার এবং প্রযুক্তিগত দায়িত্বে থাকা আধিকারিকরা অংশ নেন। জেলা প্রশাসনের শীর্ষ কর্তাদের পাশাপাশি জনগণনা দপ্তরের বিশেষজ্ঞরাও বিভিন্ন অধিবেশনে উপস্থিত ছিলেন। ডিজিটাল প্ল্যাটফর্মের ব্যবহার, তথ্য সংগ্রহের পদ্ধতি, তদারকি ব্যবস্থা এবং প্রশাসনিক সমস্ত স্তরের সমন্বয় নিয়ে বিশদ আলোচনা হয়। পাশাপাশি হাতে-কলমে প্রদর্শনের মাধ্যমে বাস্তব পরিস্থিতিতে কাজের প্রস্তুতিও যাচাই করা হয়।

বাংলায় উদ্যোগ শিল্পকে চাঙ্গা করতে সমাবেশ

কলকাতা: ২১ জুন ওয়ে ব্যাক হোম একটি অপরচুনিটি ভেঞ্চারস-এর উদ্যোগে কলকাতায় আয়োজিত হয়েছিল সমাবেশের। যেখানে অংশগ্রহণ করেছিলেন কলকাতার বেশ কিছু ব্যবসায়ী, অপারেটার্স, উদ্যোগপতি। আলোচনার মূল বিষয়বস্তু ছিল -বাংলার ভবিষ্যৎ ও বাংলায় উদ্যোগ শিল্পকে শক্তিশালী করে তোলা। অপরচুনিটি ভেঞ্চারস-এর পার্টনার সিএ শান্তনু জৈন উল্লেখ করেন যে, তিনটি ক্ষেত্রে সুনির্দিষ্ট পদক্ষেপ নিলে বাংলার স্টার্টআপ পরিমণ্ডল শক্তিশালী হবে, যা হল— মূলধন, বাজার সুবিধা এবং প্রতিভা।

কাজের গুণমান নিয়ে প্রশ্ন

রাস্তার কাজ বন্ধ করালেন গ্রামবাসীরা

নিজস্ব প্রতিবেদন, মঙ্গলকোট: পূর্ব বর্ধমান জেলার মঙ্গলকোটের পালিশগ্রাম থেকে কাঁকড়া হয়ে মাজিগ্রাম খেলার মাঠ পর্যন্ত দীর্ঘ সাড়ে পাঁচ কিলোমিটার রাস্তার কাজের অনুমতি দিয়েছিল জেলা পরিষদ। সেই কাজ বিধানসভা ভোটের আগে শুরু হয়। ভোট পর্ব চলার সময় কাজ বন্ধ থাকলেও, ভোট পর্ব মিটতেই সেই কাজ শুরু হয় মঙ্গলকোটের পালিশগ্রামে। কিন্তু কাজের গুণগত মান খারাপ হচ্ছে বলে, সেই কাজ বন্ধ করে দেয় গ্রামের মানুষজন। গ্রামের বাসিন্দা পুষীনিশ হাজরা জানান, যে সিমেন্ট দিয়ে কাজ করা হচ্ছে। তার নামই কোনও দিন শোনেন নি তারা। সমস্ত মালের গুণগত মান খুবই খারাপ। কাজের বরাতে কাজ করার কথা প্রায় ৭ ইঞ্চি, কিন্তু কাজ হচ্ছে ৩ ইঞ্চি মতো। তাই গ্রামের মানুষ কাজ বন্ধ করে দিয়েছে। নিয়ম মেনে কাজ করতে হবে দাবি সকলের। তারা চাইছেন, বিধায়ক ও জেলা পরিষদের যিনি ইঞ্জিনিয়ার রয়েছেন, তিনি কাজটি খতিয়ে দেখুক।

পুরবোর্ড ভেঙে দিতেই বাঁকুড়া পুরসভা শুদ্ধিকরণ করল বিজেপি

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: পুরপ্রধান আগেই পদত্যাগ করেছিলেন। গতকাল রীতিমত বিজ্ঞপ্তি দিয়ে ভেঙে দেওয়া হয় পুরসভার বোর্ড। পুরসভার ক্ষমতা থেকে তৃনমূল সরতেই এবার গঙ্গাজল ছিটিয়ে পুরসভা শুদ্ধিকরণ করল বিজেপি। ঘটনা বাঁকুড়া পুরসভার। বিধানসভা নির্বাচনে তৃণমূলের ভরাডুবির পর থেকেই তৃণমূল পরিচালিত বাঁকুড়া পুরসভার ভবিষ্যত নিয়ে শুরু হয় চাপানউতোর। এরই মাঝে গত ১০ জুন বাঁকুড়ার পুরপ্রধান অলকা সেন মজুমদারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনে উপপুরপ্রধান-সহ তৃণমূলের মোট ১৬ জন কাউন্সিলর। শেষ পর্যন্ত চাপে পড়ে গত ১৭ জুন পুরপ্রধান পদ থেকে পদত্যাগ করেন অলকা সেন মজুমদার। তারপর থেকে উপ পুরপ্রধান হীরালাল চট্টরাজ চেয়ারম্যান ইন কাউন্সিলরকে সঙ্গে নিয়ে পুরসভা পরিচালনা করছিলেন। গতকাল রাজ্যের নগরোন্নয়ন দপ্তর বাঁকুড়া পুরসভার বোর্ড ভেঙে দেওয়ার বিজ্ঞপ্তি জারি করে। বদলে পুরসভার দায়িত্ব তুলে দেওয়া হয় বোর্ড অফ অ্যাডমিনিস্ট্রেটরের হাতে। পুরসভা তৃণমূল মুক্ত হতেই আজ বাঁকুড়া পুরসভায় গিয়ে গঙ্গাজল ছিটিয়ে পুরসভা শুদ্ধিকরণ করেন স্থানীয় বিজেপি কর্মীরা। বিজেপি কর্মীদের দাবি, গত ১৫ বছর ধরে কার্যত গায়ের জোরে পুরসভা দখল করে রেখে ব্যাপক বেনিয়ম ও দুর্নীতি করেছে তৃণমূল। সাধারণ নাগরিকেরা পরিসেবা পাননি। আগামীদিনে পুর পরিসেবা আরও সুলভ করার উদ্দেশ্যে এবার সেই পুরসভা শুদ্ধিকরণ করা হল।

একদিন
আমার শহর
কলকাতা ২৬ জুন ২০২৬, ১২ আষাঢ় ১৪৩৩ শুক্রবার

‘জরুরি অবস্থা ছিল গণতন্ত্রের উপর আঘাত’ সংবিধান হত্যা দিবসে মুখ্যমন্ত্রীর বার্তা

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: জরুরি অবস্থার ৫১ বছর পূর্তিতে ‘সংবিধান হত্যা দিবস’ উপলক্ষে গণতন্ত্র রক্ষার বার্তা দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বৃহস্পতিবার এক্স-এ করা পোস্টে তিনি ১৯৭৫ সালের জরুরি অবস্থাকে ভারতের গণতান্ত্রিক ইতিহাসের এক অন্ধকার অধ্যায় বলে উল্লেখ করেন।

মুখ্যমন্ত্রীর দাবি, সেই সময় দেশের সাংবিধানিক কাঠামো গভীরভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। মৌলিক অধিকার খর্ব করা হয়েছিল, সংবাদমাধ্যমের স্বাধীনতার উপর নিয়ন্ত্রণ আরোপ করা হয়েছিল এবং রাজনৈতিক নেতা, সমাজকর্মী ও সাংবাদিকদের কারাবন্দি করা হয়েছিল। তাঁর আরও বক্তব্য, গণতন্ত্রের ভিত্তি হিসেবে পরিচিত বিভিন্ন প্রতিষ্ঠানকে তখন পরিকল্পিতভাবে দুর্বল করে দেওয়া হয়েছিল।

তবে সেই কঠিন সময়েও সাধারণ মানুষের প্রতিরোধ ও সাহসিকতার কথা তুলে ধরেছেন মুখ্যমন্ত্রী। পোস্টে তিনি বলেন, বহু নাগরিক গণতান্ত্রিক মূল্যবোধ রক্ষার লড়াইয়ে আপস করেননি। তাঁদের আত্মত্যাগ ও সংগ্রাম আজও দেশের মানুষের কাছে প্রেরণা।

সংবিধানকে দেশের ১৪০ কোটির বেশি মানুষের অধিকার ও কর্তব্যের ভিত্তি হিসেবে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, গণতন্ত্রের আদর্শ রক্ষায় নতুন করে অঙ্গীকারবদ্ধ হওয়া প্রয়োজন। ন্যায়, স্বাধীনতা, সমতা ও ভ্রাতৃত্বের সাংবিধানিক মূল্যবোধকে সামনে রেখেই দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার আহ্বান জানান তিনি।

রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, জরুরি অবস্থার স্মৃতি ঘিরে জাতীয় রাজনীতিতে যে বিতর্ক দীর্ঘদিন ধরে রয়েছে, মুখ্যমন্ত্রীর এদিনের এই বার্তাও তারই অংশ। গণতন্ত্র ও সংবিধানের প্রশ্নে নিজেদের অবস্থান স্পষ্ট করতেই শাসক শিবিরের এই উদ্যোগ বলে মনে করা হচ্ছে।

মালদার মোথাবাড়ি-কাণ্ডে এনআইএর হাতে গ্রেপ্তার কংগ্রেস প্রার্থী সায়েম

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: মালদার মোথাবাড়িতে বিচারকদের গাড়িতে হামলার ঘটনায় গ্রেপ্তার কংগ্রেস প্রার্থী সায়েম চৌধুরী ওরফে বাবু চৌধুরী। পুলিশ সূত্রে খবর, বুধবার বিকেলে সায়েমকে গ্রেপ্তার করে এনআইএ। এসআইআর চলাকালীন বিচারকদের গাড়িতে হামলার ঘটনায় গ্রেপ্তার করা হয় এই কংগ্রেস প্রার্থীকে।

এরপর কলকাতায় এনআইএ-র শাখা দপ্তরে জিজ্ঞাসাবাদের পর বৃহস্পতিবার তাঁকে গ্রেপ্তার করে এনআইএ। এনআইএ-র দাবি, গত ১ এপ্রিল মালদহের কালিয়াচক ২ ব্লক অফিসে বিচার বিভাগীয় আধিকারিকদের বেআইনিভাবে আটকে রাখার ঘটনায় সায়েম চৌধুরী অন্যতম প্রধান অভিযুক্ত। পাশাপাশি ঘটনার আগের দিন বিডিও অফিসের সামনে সায়েম চৌধুরী একটি ভাষণ দিয়েছিলেন, যাতে মানুষকে সহিংস বিক্ষোভে অংশ নিতে উসকানি দেওয়া হয় বলেও এনআইএ-র দাবি।

বিধানসভা নির্বাচনের আগে, এসআইআরের কাজে নিযুক্ত বিচারকদের মালদার মোথাবাড়িতে ঘেরাও এবং তাঁদের গাড়ির উপর হামলার ঘটনার তদন্ত করছে এনআইএ। ইতিমধ্যেই এই তদন্তে ৭২ জনকে গ্রেপ্তার করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। চার্জশিটও দেওয়া হয়েছে ৩১ জনের বিরুদ্ধে। প্রসঙ্গত, এসআইআর বিক্ষোভে অগ্নিগর্ভ হয়ে উঠেছিল মালদার মোথাবাড়ি। বিক্ষোভে দীর্ঘক্ষণ বিডিও অফিসে আটকে পড়েন সাত জন বিচারক। পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনী গিয়ে

তাঁদের উদ্ধার করে। এই ঘটনায় মূল চক্রী হিসেবে আইনজীবী মোফাক্কেরুল ইসলাম-সহ বেশ কয়েকজনকে গ্রেপ্তার করে পুলিশ। পরে ঘটনার তদন্তভার এনআইএ-র হাতে তুলে দিয়েছিল নির্বাচন কমিশন। সুপ্রিম কোর্টও এনআইএ তদন্তেরই নির্দেশ দেয়। মোথাবাড়িতে হামলার ঘটনায় রাজ্য পুলিশ প্রথমে গ্রেপ্তার করেছিল মোথাবাড়ির আইএসএফ প্রার্থী শাহজাহান আলি কাদরিকে। পরে এনআইএ তাঁকে হেপাজতে নেয় এবং তাঁর বিরুদ্ধে চার্জশিটও পেশ করে। আইএসএফের স্থানীয় প্রভাবশালী নেতা গোলাম রব্বানিকেও এই ঘটনায় গ্রেপ্তার করে তদন্তকারী সংস্থা। এপ্রিল মাসে এনআইএ তদন্তভার নেওয়ার পর সায়েমকে কালিয়াচক থানায় ডেকে বেশ কয়েক ঘণ্টা জিজ্ঞাসাবাদ করা হয়। তদন্তকারীদের ইঙ্গিত, তখন সায়েমের বিরুদ্ধে পর্যাপ্ত তথ্য প্রমাণ ছিল না তাঁদের হাতে। পরবর্তী সময়ে পর্যাপ্ত তথ্যপ্রমাণ হাতে আসার পরেই ফের তাঁকে জিজ্ঞাসাবাদের জন্য কলকাতায় তলব করা হয় এবং পরে গ্রেপ্তার করা হয়।

ভোট-পরবর্তী পরিস্থিতি স্বাভাবিক, কমছে কেন্দ্রীয় বাহিনী

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: ভোট-পরবর্তী আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতির প্রেক্ষিতে রাজ্যে কেন্দ্রীয় বাহিনীর সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমিয়ে দেওয়া হল। সূত্রের খবর, নির্বাচন-পরবর্তী সম্ভাব্য হিংসা ও অশান্তি মোকাবিলার জন্য এতদিন রাজ্যের বিভিন্ন জেলায় প্রায় ৫০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন ছিল। বুধবার থেকে সেই সংখ্যা কমিয়ে ১৫০ কোম্পানি করা হয়েছে।

নতুন ব্যবস্থায় গোটা রাজ্যজুড়েই এই ১৫০ কোম্পানি বাহিনী মোতায়েন থাকবে। কলকাতার জন্য রাখা হয়েছে ১৮ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী, আর হাওড়ার জন্য বরাদ্দ হয়েছে ৬ কোম্পানি।

সূত্রের খবর, বাহিনী প্রত্যাহারের প্রক্রিয়া শুরু হয়েছে নবান্ন থেকেও। প্রশাসনের মূল্যায়ন, ভোট-পরবর্তী পরিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণে এসেছে এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় বিপুল সংখ্যক কেন্দ্রীয় বাহিনী রাখার আর প্রয়োজন নেই। তবে সংবেদনশীল এলাকা এবং রাজনৈতিকভাবে স্পর্শকাতর জেলাগুলিতে এখনও কেন্দ্রীয় বাহিনীর নজরদারি বজায় থাকবে। পরিস্থিতির উপর নিয়মিত নজর রাখছে রাজ্য প্রশাসন এবং কেন্দ্রীয় বাহিনীর কর্তারা। প্রয়োজনে ফের বাহিনীর সংখ্যা বাড়ানোরও সুযোগ রাখা হয়েছে বলে প্রশাসনিক সূত্রের দাবি। রাজনৈতিক মহলের একাংশের মতে, বাহিনী কমানোর সিদ্ধান্ত প্রশাসনের পক্ষ থেকে স্বাভাবিক পরিস্থিতির বার্তা দিলেও বিরোধী শিবির বিষয়টি নিয়ে নজর রাখছে। কারণ ভোট-পরবর্তী হিংসা এবং নিরাপত্তা ইস্যু এখনও রাজ্যের রাজনীতিতে গুরুত্বপূর্ণ বিষয় হয়ে রয়েছে।

জগদ্দল বিধানসভার মামুদপুর পঞ্চায়েতের প্রধানের স্বামীকে গ্রামে ঘোরাল পুলিশ

নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর : তোলাবাজি, কাটমানি, দুর্নীতি, হুমকি-সহ একাধিক অভিযোগে ধৃত জগদ্দল বিধানসভা কেন্দ্রের মামুদপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান প্রিয়াঙ্কা মালাকারের স্বামী সুরঞ্জন মালাকার। ধৃত সুরঞ্জন তৃণমূলের মামুদপুর অঞ্চল যুব সভাপতি ছিলেন। প্রসঙ্গত, গত ১৭ জুন রাতে শিবদাসপুর থানার পুলিশ তাঁকে গ্রেপ্তার করেছে। পরদিন আদালতে নিয়ে যাওয়ার সময় জনরোষের শিকার হন ধৃত এই তৃণমূল নেতা। পুলিশি হেপাজতে থাকাকালীন বৃহস্পতিবার মামুদপুর গ্রাম পঞ্চায়েতের কুলিয়াগড় মোড় থেকে রামচন্দ্রপুর হাট পর্যন্ত তাঁকে ঘোরানো হয়। পরে তাঁকে নিজের বাড়িতে এনে পুলিশ তল্লাশি অভিযান চালায়। বকুলা মাল নামে এক বিজেপি কর্মী এদিন একরাশ ক্ষোভ উগরে দেন। বকুলা দেবীর অভিযোগ, ২০২২ সালে পঞ্চায়েত নির্বাচনে তিনি বিজেপির প্রার্থী হয়েছিলেন। তৎকালীন সময়ে সুরঞ্জন মালাকারের দলবল বাড়িতে গিয়ে তাকে হুমকি দিয়েছিল। এসআইআর প্রক্রিয়ার সময় দলীয় বুথ লেভেল এজেন্টের সঙ্গে বাড়ি বাড়ি ঘোরায় তাঁকে ধমক-চমক দেওয়া হয়েছিল। ব্যারাকপুর-১ ব্লকের পঞ্চায়েত সমিতির সদস্য সুমিত ঘোষ বলেন, প্রিয়াঙ্কা মালাকার পঞ্চায়েতের প্রধান। অথচ তাঁর স্বামী বকলমে পঞ্চায়েত চালাতেন।

তারাতলা-কাণ্ডে যাঁদের গাফিলতি, তাঁরা আইনের হাত থেকে পার পাবেন না: শমীক

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: কলকাতার তারাতলায় নির্মীয়মাণ গোডাউন ধসের ঘটনায় দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার বার্তা দিলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। বৃহস্পতিবার উত্তর ২৪ পরগনার বসিরহাটে প্রবীণ বিজেপি নেতা শেখর বন্দ্যোপাধ্যায়ের শারীরিক অবস্থার খোঁজ নিতে গিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, তদন্তে যাঁদের গাফিলতি বা দুর্নীতির ভূমিকা সামনে আসবে, তাঁদের কাউকেই রেয়াত করা হবে না।

তারাতলা দুর্ঘটনায় মৃত ও আহতদের প্রতি সমবেদনা জানিয়ে শমীক বলেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বাধীন মানবিক রাজ্য সরকার ক্ষতিগ্রস্ত পরিবারগুলির পাশে রয়েছে। একই সঙ্গে দুর্ঘটনার নেপথ্যে নির্মাণ সংক্রান্ত অনিয়ম বা প্রশাসনিক ব্যর্থতা ছিল কি না, তা খতিয়ে দেখা হচ্ছে বলেও জানান তিনি।

শমীক আরও বলেন, এত মানুষের প্রাণহানির ঘটনা অত্যন্ত উদ্বেগজনক। তাই তদন্তের ভিত্তিতে দায় নির্ধারণ করে প্রয়োজনীয় আইনি পদক্ষেপ নেওয়া হবে। তাঁর দাবি, নতুন সরকার এই ধরনের ঘটনায় শূন্য সহনশীলতার নীতি নিয়েই এগোচ্ছে। এদিন তৃণমূল আমলের বিভিন্ন দুর্নীতির অভিযোগ প্রসঙ্গেও সরব হন শমীক। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি কটাক্ষ করে বলেন, বিগত সরকারের সময়ে এত স্তরে দুর্নীতির অভিযোগ জমেছে যে সবকটি মামলার নিষ্পত্তি করতে দীর্ঘ সময় লাগবে। তবে কোনও অভিযোগই ধামাচাপা দেওয়া হবে না বলে দাবি করেন তিনি।

এর আগে অসুস্থ বিজেপি নেতা শেখর বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করে তাঁর শারীরিক অবস্থার খোঁজ নেন শমীক ভট্টাচার্য। পরিবারের সদস্যদের সঙ্গেও কথা বলেন তিনি এবং প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন। তারাতলা বিপর্যয়কে ঘিরে যখন তদন্ত জোরদার হচ্ছে, তখন রাজ্য বিজেপি নেতৃত্বের এই মন্তব্য রাজনৈতিক চাপ আরও বাড়াল বলেই মনে করছে রাজনৈতিক মহল।

সুমিতের আগাম জামিনের আর্জি খারিজ আদালতে

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: যে সুমিত রায়কে খুঁজতে কালীঘাটে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে হাজির হয়েছিল পুলিশ, সেই সুমিত রায় আদালতের শরণাপন্ন হয়েও কোনও স্বস্তি পেলেন না। পুলিশের তরফ থেকে দাবি করা হয়েছিল, তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের বাড়িতেই মিলেছে সমিত রায়ের শেষ টাওয়ার লোকেশন। তারপর থেকে এখনও পর্যন্ত খুঁজে পাওয়া যায়নি সুমিতকে। এরপই তাঁর আগাম জামিনের আর্জি খারিজ করে দেয় আদালত।

এই প্রসঙ্গে বলে রাখা শ্রেয়, অভিষেকের আপ্তসহায়ক সুমিতের আগাম জামিনের আর্জি আগেই জানানো হয়েছিল হাইকোর্টে। বৃহস্পতিবার ছিল সেই মামলার শুনানি। বিচারপতি জয় সেনগুপ্তের সিঙ্গল বেঞ্চের নির্দেশ, আগামী সোমবার হলফনামা আকারে যাবতীয় তথ্য জমা দিতে হবে আদালতে।

এদিকে আদালত সূত্রে খবর, এক ব্যক্তি জমি দুর্নীতির অভিযোগ তুলে শালবনি থানায় একটি অভিযোগ দায়ের করেছিলেন। তার ভিত্তিতেই সুমিতের খোঁজ চলছে। অভিযোগ, জমি দেওয়ার কথা বলে ওই ব্যক্তির কাছ থেকে ১০ লক্ষ টাকা নিয়েছিলেন সুমিত রায়। তারপর আর কোনও জমি দেননি। এভাবে জাল দলিল বা ডিড বানিয়ে অনেকের কাছ থেকেই টাকা নেওয়া হত বলে অভিযোগ।

এই প্রসঙ্গে বিচারপতি জয় সেনগুপ্তের পর্যবেক্ষণ, ‘এটা মাত্র একটা ঘটনা নয়। ৩০০টা প্লট। একাধিক ব্যক্তি জড়িয়ে আছে।

একজনের কাছ থেকে ১০ লক্ষ টাকা নেওয়া হয়েছে।’

মামলাকারীর আইনজীবী দাবি করেন, তৃণমূলের পার্টি অফিস, জেনারেল সেক্রেটারির বাড়িতে তল্লাশি চালানো হয়েছে। রাজনৈতিক কারণে সুমিতকে ধরার চেষ্টা করা হচ্ছে। টাকা নিয়ে থাকলে সুমিতের যাবতীয় ব্যাংক স্টেটমেন্ট দেখা হোক বলে দাবি করেন আইনজীবী। এদিকে পাশাপাশি সরকারি আইনজীবী কল্লোল মণ্ডল এও জানান, মূল অভিযুক্তের কাছে টাকা যেত। অভিযুক্তের বাড়ি থেকে জাল ডিড পাওয়া গিয়েছে।

এই প্রসঙ্গে বলে রাখা শ্রেয়, জমি দুর্নীতির মামলায় আগেই মেদিনীপুরের প্রাক্তন বিধায়ক সুজয় হাজরাকে গ্রেপ্তার করেছিল পুলিশ। সেই সুজয়কে জিজ্ঞাসাবাদ করেই সুমিতের নাম উঠে আসে বলে খবর। সুজয়ের সঙ্গে মিলেই জমি দুর্নীতির টাকা নিতেন বলে অভিযোগ সুমিতের বিরুদ্ধে।

ভোট পরবর্তী হিংসা মামলায় অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নামে এবার জোড়া অভিযোগ

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: এবার ভোট পরবর্তী হিংসা মামলায় অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নামে জোড়া অভিযোগ। জানা গিয়েছে, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে এই দুই অভিযোগ দায়ের হওয়ার পাশাপাশি তাঁর আপ্ত সহায়ক সুমিত রায়ের নামও রয়েছে এই অভিযোগে। এছাড়াও স্থানীয় তৃণমূলের নামও রয়েছে এই অভিযোগের তালিকায়।

পুলিশ সূত্রে খবর, ডায়মন্ড হারবার থানায় দুটি পৃথক অভিযোগ দায়ের হয়েছে। সরিষার ২ বিজেপি নেতা ডায়মন্ড হারবার থানায় এই দুই লিখিত অভিযোগ জানিয়েছেন। ২০১৯ ও ২০২২ সালে ভোট পরবর্তী হিংসার অভিযোগ করেন ওই ২ বিজেপি নেতা। অভিযোগ, মারধর করা হয়ে তাঁদের। এছাড়াও বাড়ি, দোকান ও গুদামে ভাঙচুর চালানোর অভিযোগও করেন তাঁরা।

ওই দুই বিজেপি নেতা জানিয়েছেন, অতীতে যখন তাঁরা অভিযোগ করতে গিয়েছেন, তখন থানায় তাঁদের অভিযোগও দায়ের করতে দেওয়া হয়নি। সরিষার বাসিন্দা প্রবীর হালদার ও অশোক বর্মন নামের ২ বিজেপি নেতা এই অভিযোগ করেছেন। ২০২২ সালে অশোক বর্মন ছিলেন বিজেপির দক্ষিণ ২৪ পরগনা সাংগঠনিক জেলার সহ সভাপতি। তাঁর অভিযোগ, ২০২২ সালে ভোট পরবর্তী সময় তাঁর বাড়িতে হামলা চালানো হয় ও তাঁকে মারধর করা হয়। এছাড়াও তাঁর ব্যবসার জায়গায় অর্থাৎ মাছের আড়ত ও

গুদামে হামলা চালিয়ে ভাঙচুর করা হয়। সেই সময় থানায় এলেও তাঁর অভিযোগ নেওয়া হয়নি বলেই অভিযোগ করেছেন অশোক বর্মন। অন্যদিকে, সমাজসেবী ও বিজেপি সমর্থক প্রবীর হালদারের অভিযোগ ২০২২ সালে কোভিডের মধ্যে তিনি ত্রাণ বিলি করছিলেন এলাকার সাধারণ মানুষের মধ্যে। কিন্তু সেই সময় ত্রাণ বণ্টনে তাঁকে বাধা দেওয়া হয়। এলাকার তৃণমূল নেতৃত্ব বাধা দেয় তাঁকে। প্রবীর হালদারকে বলা হয়, ত্রাণ দিতে হলে তাঁদের মাধ্যমেই দিতে হবে। এই ঘটনায় এই দুই ব্যক্তি অর্থাৎ, প্রবীর হালদার ও অশোক বর্মন ডায়মন্ড হারবার থানায় দুটো আলাদা আলাদা অভিযোগ দায়ের করেন। সেই অভিযোগপত্রে নাম রয়েছে ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় ও তাঁর আপ্ত সহায়ক সুমিত রায় সহ ব্লক নেতৃত্বের। অভিযোগ জানানোর সময় তাঁদের সঙ্গে ছিলেন বিজেপি নেতা অভিজিৎ দাস ওরফে ববিও।

পুরভোটের আগে নির্বাচন কমিশনে নতুন মুখ, দায়িত্বে আসছেন কৃষ্ণ গুপ্ত

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: রাজ্যে স্থানীয় নির্বাচনগুলির প্রস্তুতি যখন ধীরে ধীরে গতি পাচ্ছে, ঠিক সেই সময় রাজ্য নির্বাচন কমিশনের শীর্ষ পদে আনা হচ্ছে প্রবীণ আমলা ড. কৃষ্ণ গুপ্তকে। নবান্নের বিজ্ঞপ্তি অনুযায়ী, বর্তমান দায়িত্ব থেকে অবসরের পরই তিনি রাজ্য নির্বাচন কমিশনার হিসেবে কাজ শুরু করবেন।

প্রশাসনিক মহলের এক আধিকারিক বলেন, আগামী কয়েক মাসে একাধিক গুরুত্বপূর্ণ নির্বাচনী প্রক্রিয়া রয়েছে। সেই কারণে কমিশনের নেতৃত্বে শূন্যতা দীর্ঘদিন রাখা সম্ভব ছিল না।

বর্তমানে সমবায় দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব হিসেবে কর্মরত কৃষ্ণ গুপ্ত দীর্ঘ প্রশাসনিক অভিজ্ঞতা সম্পন্ন। তাঁর নিয়োগে রাজ্যপাল অনুমোদন দিয়েছেন বলে সরকারি সূত্রে জানান হয়েছে।

এই পদে আগে ছিলেন প্রাক্তন মুখ্যসচিব রাজীব সিনহা। তাঁর অবসরের পর কমিশনের শীর্ষপদ কার্যত খালি ছিল। নতুন সরকার দায়িত্ব নেওয়ার দু'মাসের মধ্যেই সেই শূন্যস্থান পূরণের সিদ্ধান্ত নেওয়া হল। প্রশাসনিক সূত্রের মতে, এই নিয়োগের তাৎপর্য শুধু একজন অবসরপ্রাপ্ত আমলাকে নতুন দায়িত্ব দেওয়ার মধ্যে সীমাবদ্ধ নয়। চলতি বছরের শেষদিকে কলকাতা-সহ একাধিক পুরসভার নির্বাচন হওয়ার সম্ভাবনা রয়েছে। সেই প্রেক্ষাপটে ভোট পরিচালনাকারী সাংবিধানিক প্রতিষ্ঠানের নেতৃত্বে স্থায়ী মুখ আনা জরুরি ছিল। নির্বাচন কমিশনের কাজ শুধু ভোটের দিন পরিচালনা নয়; ভোটার তালিকা, নির্বাচনী সূচি, প্রশাসনিক সমন্বয় এবং নির্বাচন সংক্রান্ত অভিযোগের নিষ্পত্তিও তার দায়িত্বের মধ্যে পড়ে। ফলে কৃষ্ণ গুপ্তর সামনে প্রথম বড় চ্যালেঞ্জ হতে পারে আসন্ন পুরভোটকে কেন্দ্র করে কমিশনের প্রস্তুতি ও নিরপেক্ষতা নিয়ে আস্থা বজায় রাখা বলেই মনে করছে রাজনৈতিক মহল।

দুর্নীতির শ্বেতপত্র থেকে নতুন শিল্পনীতি, একগুচ্ছ ঘোষণা অর্থমন্ত্রীর

বাজেট বিতর্কে আংশিক সমর্থন বিরোধী দলনেতার

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: বিধানসভায় বাজেট বিতর্কের জবাবি ভাষণে পূর্ববর্তী সরকারের আমলের অনিয়ম ও দুর্নীতির অভিযোগে আগামী দিনে প্রতিটি দপ্তরের *‘শ্বেতপত্র’ প্রকাশের ঘোষণা করলেন অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত। তিনি জানান, প্রতিটি দপ্তর পৃথকভাবে জানাবে কোথায় কী ধরনের অনিয়ম হয়েছে, কেন প্রকল্পগুলি অসম্পূর্ণ অবস্থায় পড়ে ছিল, নিয়োগে কোথায় দুর্নীতি হয়েছে এবং কীভাবে আর্থিক অব্যবস্থাপনার ফলে রাজ্যের ঋণের বোঝা বেড়েছে। পাশাপাশি নিয়ন্ত্রক ও মহালেখা পরীক্ষকের রিপোর্টও জনসমক্ষে আনা হবে বলে ঘোষণা করেন তিনি।

অর্থমন্ত্রীর বক্তব্য, বাজেট বিতর্কে বিরোধী বিধায়কদের বক্তব্যেই অতীতের একাধিক অনিয়ম উঠে এসেছে। মালদা বিমানবন্দর, শিল্পপার্ক, কলকাতার জলাভূমি, ভুয়ো তফসিলি জাতি ও উপজাতি শংসাপত্র, সাইবার অপরাধ থেকে সুন্দরবনের উন্নয়ন; বিভিন্ন ক্ষেত্রে ওঠা অভিযোগের ভিত্তিতেই দপ্তরভিত্তিক শ্বেতপত্র প্রকাশের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এর আগে বাজেট আলোচনায় অংশ নিয়ে বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় বাজেটের একাধিক ইতিবাচক দিকের প্রশংসা করেন। তিনি বলেন, রাজ্যের মোট ব্যয়ের বড় অংশ বেতন, ভাতা ও পেনশন খাতে চলে যাওয়ায় উন্নয়নমূলক খাতে বরাদ্দ বাড়াতে রাজস্ব বৃদ্ধির সুস্পষ্ট পরিকল্পনা প্রয়োজন। আইসিডিএস কর্মীদের সম্মানিক বৃদ্ধি, চা বাগানের ল্যান্ড সিলিং ৩০ শতাংশ থেকে ১৫ শতাংশে নামিয়ে আনার সিদ্ধান্ত এবং চা পর্যটনের সম্ভাবনাকে তিনি সমর্থন জানালেও পর্যটন খাতে আরও বরাদ্দ, প্যারা-টিচার ও চুক্তিভিত্তিক কর্মীদের বেতন বৃদ্ধি, বিড়ি শ্রমিকদের কল্যাণ এবং প্রাক্তন বিধায়কদের ভাতা বৃদ্ধির দাবিও তোলেন। তাঁর বক্তব্য, বাজেটের বেশ কিছু পদক্ষেপ সঠিক দিশায় হলেও বাস্তবায়নের ক্ষেত্রে আরও স্পষ্ট পরিকল্পনা প্রয়োজন।

জবাবি ভাষণে অর্থমন্ত্রী বিরোধী দলনেতার একাধিক পরামর্শকে ইতিবাচক বলে উল্লেখ করেন। একই সঙ্গে তিনি একগুচ্ছ নতুন ঘোষণাও করেন। স্টেট এইডেড কলেজ শিক্ষকদের মাসিক পারিশ্রমিক ২ হাজার টাকা এবং ন্যাশনাল স্কিল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্কের আওতায় কর্মরত ভোকেশনাল শিক্ষকদের সম্মানিক ২ হাজার টাকা বাড়ানোর ঘোষণা দেন। কালিয়াগঞ্জে একটি সাধারণ ডিগ্রি কলেজ ও একটি মহিলা কলেজ স্থাপনের কথাও জানান তিনি।

তারাতলার নির্মীয়মাণ গুদাম ধসের প্রেক্ষিতে ২০০ সদস্যের একটি বিশেষ প্রশিক্ষিত দুর্যোগ মোকাবিলা বাহিনী গঠনের কথাও ঘোষণা করেন অর্থমন্ত্রী। পাহাড়, সুন্দরবন এবং রাজ্যের অন্যান্য এলাকায় এই বাহিনী মোতায়েন থাকবে। পাশাপাশি সন্দেশখালিতে একটি মহিলা থানা তৈরির কথাও জানান তিনি। শিল্প ও বিনিয়োগে জোর দিয়ে অর্থমন্ত্রী জানান, পুজোর আগেই নতুন শিল্প প্রণোদনা নীতি, স্টার্টআপ নীতি, গ্লোবাল ক্যাপাবিলিটি সেন্টার নীতি, ক্লাউড কিচেন নীতি, টি-ট্যুরিজম নীতি, ক্রীড়াবিদদের চাকরি সংক্রান্ত নীতি এবং কৃত্রিম বুদ্ধিমত্তা মিশন নীতি প্রকাশ করা হবে। তাঁর দাবি, এই নীতিগুলির মাধ্যমে পশ্চিমবঙ্গে নতুন বিনিয়োগ, কর্মসংস্থান এবং অর্থনৈতিক পুনরুজ্জীবনের পথ আরও প্রশস্ত হবে। বিরোধীদের সংখ্যালঘু বরাদ্দ কমানোর অভিযোগও খারিজ করেন অর্থমন্ত্রী। তাঁর বক্তব্য, বরাদ্দ নয়, প্রকৃত ব্যয়ের ভিত্তিতেই এবার আর্থিক পরিকল্পনা করা হয়েছে। ধর্ম বা সম্প্রদায়ের ভিত্তিতে নয়, সব নাগরিকের সমান অধিকার নিশ্চিত করাই সরকারের লক্ষ্য বলেও তিনি দাবি করেন। ভাষণের শেষে তিনি বিধানসভার কাছে বাজেটটি গ্রহণের আবেদন জানিয়ে বলেন, এই বাজেটই আগামী দিনের ‘নতুন বাংলা’ গঠনের ভিত্তি। এর আগে বাজেট আলোচনায় অংশ নিয়ে বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় বাজেটের একাধিক ইতিবাচক দিকের প্রশংসা করেন। তিনি বলেন, রাজ্যের মোট ব্যয়ের বড় অংশ বেতন, ভাতা ও পেনশন খাতে চলে যাওয়ায় উন্নয়নমূলক খাতে বরাদ্দ বাড়াতে রাজস্ব বৃদ্ধির সুস্পষ্ট পরিকল্পনা প্রয়োজন। আইসিডিএস কর্মীদের সম্মানিক বৃদ্ধি, চা বাগানের ল্যান্ড সিলিং ৩০ শতাংশ থেকে ১৫ শতাংশে নামিয়ে আনার সিদ্ধান্ত এবং চা পর্যটনের সম্ভাবনাকে তিনি সমর্থন জানালেও পর্যটন খাতে আরও বরাদ্দ, প্যারা-টিচার ও চুক্তিভিত্তিক কর্মীদের বেতন বৃদ্ধি, বিড়ি শ্রমিকদের কল্যাণ এবং প্রাক্তন বিধায়কদের ভাতা বৃদ্ধির দাবিও তোলেন। তৃণমূল কংগ্রেসের অপর ব্লকের নেতা শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, দীর্ঘদিনের আর্থিক সংকট এবং ঋণের বোঝা সত্ত্বেও বর্তমান বাজেটে সাধারণ মানুষের স্বার্থকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। সরকারি কর্মীদের মহার্ঘ ভাতা বৃদ্ধি, সামাজিক সুরক্ষা এবং উন্নয়নমূলক প্রকল্পে সরকারের উদ্যোগের প্রশংসা করেন তিনি। একই সঙ্গে তাঁর বক্তব্য, আরও আগে ডিএ ঘোষণা করা গেলে সরকারি কর্মচারীরা উপকৃত হতেন। শিক্ষা, স্বাস্থ্য ও পরিকাঠামো খাতে সরকারের ধারাবাহিক বিনিয়োগের পক্ষেও সওয়াল করেন তিনি। দু'দিনে ৭০ এর বেশি বিধায়ক বাজেট বিতর্কে অংশ নেন। আলোচনার শেষে ২০২৬-২৭ আর্থিক বছরের বাকি আট মাসের বাজেট প্রস্তাব বিধানসভায় গৃহীত হয়।

সম্পাদকীয়

কাটমানি-তোলাবাজি রোগ নির্মূল করতে অবশেষে আসছে কড়া দাওয়াই

বংলায় দুর্নীতিবাজদের কাঁপুনি শুরু হয়ে গিয়েছে। সৌজন্যে রাজ্যের বিজেপি সরকার। আসছে এবার কড়া দাওয়াই। পূর্বতন তৃণমূল সরকারের আমলে গত কয়েক বছরে তোলাবাজি থেকে কাটমানির অবাধ মৃগয়াক্ষেত্র হয়ে উঠেছিল এই রাজ্য। কিন্তু সব কিছুরই একটা শেষ আছে। পালাবদলের পর এবার সেই কাজটাই শুরু করল শুভেন্দু অধিকারীর সরকার। তোলাবাজ, কাটমানিখোরের মতো দুর্নীতিবাজদের আচ্ছা করে 'টাইট' দিতে এবার কঠোরতম আইন আনতে চলেছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগেই ঘোষণা করেছিলেন আগামী ২৫ জুন বিধানসভার বর্তমান অধিবেশনের শেষদিন এই বিল আনা হতে পারে। পরে তা পরিবর্তন করে ২৯ জুন চূড়ান্ত হয়েছে। দুর্নীতি বিরোধী এই বিলে কী কী থাকবে তা এখনও প্রকাশ্যে আনা হয়নি। কিন্তু যেটুকু জানা যাচ্ছে, এই বিলে দুর্নীতিবাজদের জন্য থাকছে দীর্ঘমেয়াদী ও কড়া দাওয়াই। বিলে দুর্নীতিগ্রস্তদের শুধু জেল, জরিমানাই নয়, তাঁদের সম্পত্তি বাজেয়াপ্ত করার সংস্থানও থাকতে চলেছে বলেই খবর। নয়া আইনে দুর্নীতিবাজদের বাজেয়াপ্ত করা সম্পত্তি নিলাম করতে পারবে রাজ্য সরকার। এই বিলে যতটা সম্ভব কড়া ধারা রাখতে চান মুখ্যমন্ত্রী, যাতে দুর্নীতি করার আগে কেউ তা নিয়ে দশবার ভাববে। এছাড়া বিলে আরও কিছু কড়া দাওয়াই রাখা হচ্ছে। আপাতত সরকারের আইন দফতর পুরো বিষয়টি তদারক করছে। কিন্তু এই বিল নিয়ে এর মধ্যেই হইচই পড়ে গিয়েছে। কারণ, সম্পত্তি বাজেয়াপ্ত হওয়ার আশঙ্কায় ভুগতে শুরু করে দিয়েছেন রাজ্যের অনেক কেষ্ট-বিষ্টুরা। আর ভেঙে বলার দরকার আছে? গত দেড় মাসের তথ্য বলছে, পালাবদলের পর রাজ্যের চার প্রাক্তন মন্ত্রী আপাতত জেলে। সঙ্গে আরও জনা পাঁচেক প্রাক্তন বিধায়ক। কলকাতা পুরসভার সাত থেকে আটজন প্রাক্তন কাউন্সিলর। জেলার কাউন্সিলর, পুরপ্রধান, পঞ্চায়েত প্রধান থেকে সদস্য, যারা জেলে আছেন তার সঠিক হিসেব দেওয়া কঠিন। আর এরা সবাইই একটিই দলের, সেটা হল তৃণমূল। ফলে বোঝাই যাচ্ছে কাঁপুনিটা ঠিক কোথায় শুরু হয়েছে।

শব্দছক ২০০

রবি দাস

পাশাপাশি: ১. অভিশাপ ৩. বাধাপ্রাপ্ত ৬. শ্রীরাধার এক সখী ৮. ভ্রমর ৯. বৃক্ষ ১০. মৃত্যুহীন ব্যক্তি ১২. চাঁদ ১৩. তৃণ ১৪. প্রশমনযোগ্য ১৬. কথাবলা এক পাখি ১৮. ভীতি ১৯. আকাশে সাদা পাখির ঝাঁক ২১. সরগমের সাত স্বর ২২. দায়ীত্ব

ওপর-নিচ: ১. শালগাছের গুঁড়িতে প্রস্তুত ছোট নৌকা ২. বন্যা-জলের থিতানো অংশ ৪. শান্ত নদীতে হঠাৎ তীব্র জলোচ্ছ্বাস ৫. কোরক ৭. অনুশীলন ৮. বিনষ্ট ১০. অনুপযুক্ত সময় ১১. তৃপ্তিকর খানা ১৫. শব্দহীন পরিবেশ ১৭. ভুল-বকা ১৮. ভাঙা ২০. আগ্নেয়গিরি নিসৃত অবশেষ

সমাধান ১৯৯ — পাশাপাশি: ১. পরিকর ৪. সায়ক ৬. শাক্ত ৭. পণিত ৮. পাড় ৯. তাক ১০. রকম ১২. পাহাড়ি ১৪. মরণ ১৫. জাতক ১৭. চাল ১৮. পর ১৯. নির্দয় ২০. মালা ২১. কলাপ ২২. লাগাতার

ওপর-নিচ: ১. পশাচার ২. রিক্ত ৩. রগড় ৪. সাত ৫. কন্টক ৮. পামর ৯. তাড়িত ১১. কমল ১৩. হাজার ১৬. কহলার ১৭. চালাক ১৮. পয়লা ১৯. নিপ ২০. মাতা

আজকের দিন

■ **১৯৪৮** — সোভিয়েত ইউনিয়নের অবরোধের জবাবে পশ্চিমা মিত্রশক্তি বার্লিন এয়ারলিফট শুরু করে।

■ **১৯৭৫** — ভারত সরকার আনুষ্ঠানিকভাবে দেশব্যাপী জরুরি অবস্থা ঘোষণা করে।

■ **১৯৯৭** — জে কে রাউলিং-এর 'হ্যারি পটার অ্যান্ড দ্য ফিলোসফার্স স্টোন', যুক্তরাজ্যে ব্লুমসবারি থেকে সর্বপ্রথম প্রকাশিত হয়।

জন্মদিন

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

১৮৩৮ *সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মদিন।*

১৮৭৩ *বিশিষ্ট সঙ্গীতশিল্পী ও নৃত্যশিল্পী গহরজানের জন্মদিন।*

১৯৯৩ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেত্রী ঋতাভরী চক্রবর্তীর জন্মদিন।*

শুধুই 'বন্দে মাতরম' নয়, জাতীয় স্তরে ঋষি বঙ্কিমচন্দ্রকে স্মরণও একান্ত জরুরি

স্বপনকুমার মণ্ডল

দেশপ্রেমের সর্বোৎকৃষ্ট প্রকাশে 'বন্দে মাতরম'-এর কোনও জুড়ি নেই । মাত্র দুটি শব্দেই তার প্রকাশ আকাশ হয়ে ওঠে । আসমুদ্রহিমাচলে তার আদিগন্ত বিস্তার । দেশের অখণ্ড চেতনায় শব্দ দুটির অবিচ্ছেদ্য সম্পর্ক দেশবাসীর মধ্যে এনে দেয় ঐক্যের বন্ধনে আন্তরিক আত্মীয়তা, সংহতির সুতীব্র চেতনা। বিগত বছরে ২৬ অক্টোবর রবিবারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তাঁর 'মন কি বাত' অনুষ্ঠানের ১২৭তম পর্বে ৭ নভেম্বর বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বন্দে মাতরম'-এর দেড়শ বছর পূর্তি উপলক্ষে দেশবাসীকে দেশের ঐক্য ও অখণ্ডতা রক্ষা করার ক্ষেত্রে গানটি স্মরণে বরণীয় করে তোলার কথা বলেন । ভারতের স্বাধীনতা আন্দোলনে দেশমাতার প্রতি 'বন্দে মাতরম' গানে যেভাবে দেশাত্মবোধ জেগে উঠেছিল,তা অচিরেই ১৯৫০-এর ২৬ জানুয়ারি স্বাধীন ভারতের জাতীয় সঙ্গীত হিসেবে মর্যাদা লাভ করে । শুধু তাই নয়, 'বন্দে মাতরম' শব্দদুটিই বহুবর্ণ,বহু ধর্ম ও বহুভাষাভাষীর দেশে তার বহুধাবিস্তৃত ও বিপুলায়তন পরিসরকে অবিচ্ছিন্ন সত্তায় যেভাবে বিবিধের মাঝে মিলন মহানের আবেগময় প্রকাশে ঐক্যতান সৃষ্টি করে, তার কোনও বিকল্প নেই । সেক্ষেত্রে প্রধানমন্ত্রী যথার্থ ভাবে গানটির মূল্যায়ন করেছেন। আসলে বঙ্কিমচন্দ্রের অপূর্বসৃষ্টি তাঁর 'বন্দে মাতরম' গানটি। 'মা তোমাকে প্রণাম' অর্থে দেশমাতাকে 'বন্দে মাতরম' বলার মধ্যেই দেশপ্রেমের পরাকাষ্ঠা ধ্বনিত হয়। সেক্ষেত্রে শুধু 'বন্দে মাতরম' বা তার ধারক উপন্যাস 'আনন্দমঠ'ই(১৮৮২) নয়, বঙ্কিমচন্দ্রের সাহিত্যচর্চার মধ্যেই দেশসেবার ঐকান্তিক প্রয়াস জারি ছিল । এজন্য শিল্পী বঙ্কিমচন্দ্র থেকে ঋষি বঙ্কিমচন্দ্রের রূপান্তর ছিল শুধু সময়ের অপেক্ষা । সেই ঋষি বঙ্কিমচন্দ্রের অপূর্ব সৃষ্টি 'বন্দে মাতরম' গানটি। অন্যদিকে বঙ্কিমচন্দ্রের সাহিত্যসাধনাতেই তাঁর দেশসেবার পরিচয় ক্রমশ নিবিড়তা লাভ করে । সেদিক থেকে 'বন্দে মাতরম'-এর দেড়শ বছর পূর্তিতে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়েরও স্মরণ অনিবার্য মনে হয়।

অন্যদিকে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় চৌত্রিশ বছর বয়সে 'বঙ্গদর্শন' সম্পাদনায় সামিল হন। ইতিপূর্বে তাঁর তিনখানি উপন্যাস পাঠকসমাদর লাভ করেছে। ১৮৬৫ থেকে ১৮৬৯ পর্যন্ত তাঁর 'দুর্গেশনন্দিনী', 'কপালকুণ্ডলা' ও 'মৃণালিনী' উপন্যাস প্রকাশিত হয়ে সাড়া ফেলে দিয়েছিল। অন্যদিকে তাঁর সরকারি দায়িত্বশীল উচ্চপদের রকমারি প্রতিকূলতাও ছিল। তৎসত্ত্বেও বঙ্কিমচন্দ্র তার বছর তিনেকের মধ্যে সম্পাদকের ভূমিকায় আবির্ভূত হয়ে বাংলা সাহিত্যের উন্নতিতে প্রাগ্রসর হয়েছিলেন। শুধু তাই নয়, সেই ধারা তাঁর ছাপান্ন বছরের জীবনে গভীরভাবে জড়িয়ে ছিল। শিল্পীসুলভ সহৃদয়তার পাশাপাশি সম্পাদকসুলভ নির্মমতাকে বজায় রেখে বঙ্কিমচন্দ্রের চৌত্রিশ বছরে অভিভাবকের ভূমিকা অত সহজে নন্দিত বা বন্দিত হয়নি। তাঁর সেই ভূমিকায় অকালপক্ক জ্যাঠামশাইয়ের খবরদারি মূর্তিটি অসূয়াপ্রবণ বাঙালিমানসে আপনাতেই নিবিড় হয়ে উঠে এসেছিল। সেদিক থেকে বঙ্কিমচন্দ্র তাঁর স্বকীয় প্রতিভায় লেখক ও সম্পাদকের দ্বৈত ভূমিকায় অত্যন্ত সফলকাম হয়েছিলেন, তা তাঁর জনমানসে 'সাহিত্যসম্রাট' থেকে 'ঋষি' উপাধিতেই প্রতীয়মান। কিন্তু সেই উপাধি-পরিচয়ে যেভাবে শিল্পী বঙ্কিমচন্দ্রের সঙ্গে নীতিবাগীশ বঙ্কিমচন্দ্রের দ্বৈরথে তাঁর ভাবমূর্তিটি বাঙালিমানসে বিতর্কের অবকাশে উচ্চকিত হয়েছে, সেভাবে সব্যসাচী প্রকৃতিতে অভিভাবকত্বের বিষয়টি উঠে আসেনি। অথচ বাংলা সাহিত্যের বিকাশে তাঁর সেই ভূমিকা আজও সমানভাবে প্রাসঙ্গিক। বাংলা ভাষা ও সাহিত্যের পাশাপাশি বাঙালির সার্বিক বিকাশে স্বদেশহিতৈষী মানসিকতায় তার সেবাপরায়ণে বঙ্কিমচন্দ্রের অভিভাবকসুলভ ভূমিকাটি শিল্পী বনাম নীতিবাগীশ বিতর্কে সংগোপনে রয়ে গেছে। সেখানে তাঁর সাহিত্যসম্রাটের উষ্ণীষের ভারে ও ঋষিপ্রতিম ব্যক্তিত্বের ধারে সেই অভিভাবকত্বের মান্যতা বাড়তি কোনো স্বতন্ত্র মূল্যে অভিষিক্ত হয়ে ওঠেনি। সব্যসাচী সম্পাদকের সঙ্গে বিষয়টিকে মিলিয়ে দেখার বাতিক সেক্ষেত্রে সহজসাধ্য হয়ে উঠেছে। অথচ বঙ্কিমচন্দ্রের সেই পরিচয় তাঁর প্রাতিষ্ঠানিক সম্পাদকীয় সত্তাকে ছাড়িয়ে গেছে এবং তা সম্পাদকের পরিবর্তে অভিভাবকসুলভ পথপ্রদর্শকের ভূমিকায় প্রথম থেকেই সচল চিল। এজন্য তাঁর মধ্যে শাসন ও সোহাগের পাশাপাশি গড়ে তোলার সদিচ্ছা তাঁকে সদা সক্রিয় রেখেছিল। আদর্শ শিক্ষকের মতো 'ফ্রেণ্ড-ফিলোসোফার অ্যান্ড গাইড'- এর ভূমিকায় তাঁর সেই অভিভাবকত্ব আপনাতেই সম্পাদকের স্থলে শিক্ষা-অন্তপ্রাণ শিক্ষকের ভূমিকাটি উজ্জ্বল হয়ে উঠেছে। সেক্ষেত্রে বঙ্কিমচন্দ্রের সমাজশিক্ষকের ভূমিকাটির পাশে তাঁর বাংলা সাহিত্যে নূতন লেখকদের প্রতি দায়বদ্ধতায় দিশারি ভাবমূর্তিটি সমানভাবে সক্রিয় ছিল। এজন্য সাহিত্যসম্রাটের পাশে তাঁর সমাজশিক্ষকের ঋষিপ্রতিম ব্যক্তিত্বের আলোর পরশ যেমন সহজসাধ্য হয়ে উঠেছে, তেমনই সব্যসাচী সম্পাদকীয় পরিচিতির মধ্যে তাঁর সাহিত্যের শিক্ষকের ভূমিকাটি আপনাতেই আলোকিত মনে হয়। তাঁর সেই আলোকিত ব্যক্তিত্ব জীবনের অপরাহ্ণ পর্যন্ত সজীব ছিল। শুধু তাই নয়, সেই সম্পাদকের ক্ষুরধার লেখনী সময়বিশেষে হবু লেখকদের পাচনবাড়ি হয়ে উঠেছে। 'প্রচার'-এর ১২৯১-এর মাঘ সংখ্যায় প্রকাশিত 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন'-এ সেই পাচনবাড়ির প্রকৃতিটি প্রকট হয়ে উঠেছে। স্বাভাবিকভাবেই এতে মনে হতে পারে কী এমন হয়েছিল যে কারণে বঙ্কিমচন্দ্রকে 'বঙ্গদর্শন' প্রকাশের উনিশ বছর পর এভাবে 'নিবেদন' করতে হয়েছে। হবু লেখকদের প্রতি যে-বারোটি নিয়ম 'নিবেদন'-এ প্রকাশিত হয়েছে তার সবগুলিই 'বঙ্গদর্শন'-এর সূচনায়ও অপরিহার্য মনে হবে। সেক্ষেত্রে সুদীর্ঘকাল পরে কী উদ্দেশ্য সাধনের স্বার্থে বঙ্কিমচন্দ্র সেগুলি প্রকটভাবে উপস্থাপনে সক্রিয় হয়েছিলেন, তা স্বাভাবিকভাবেই কৌতূহলী করে তোলে। অবশ্য তার সদুত্তর কোথাও মেলে না। 'বঙ্কিমচন্দ্রজীবনী'কার অমিত্রসূদন ভট্টাচার্য সে বিষয়ে কোনওরকম উচ্চবাচ্য করেননি। অন্যদিকে প্রবন্ধটি 'প্রচার'-এ প্রচারিত হওয়ার পূর্বে রবীন্দ্রনাথের সঙ্গে বঙ্কিমচন্দ্রের লেখনীযুদ্ধ প্রকট হয়ে উঠেছিল। শুধু তাই নয়, 'প্রচার'-এর সেই সংখ্যায় (১২৯১-এর মাঘ) রবীন্দ্রনাথের 'মথুরায়' কবিতাটি প্রকাশিত হওয়ায় লেখনীযুদ্ধের অবসানে তাতে 'ঐতিহাসিক মিলন'-এর ছবি মূর্ত হয়ে উঠেছে। সেদিক থেকে 'রবিজীবনী'কার প্রশান্তকুমার পাল সে-বিষয়টি অপ্রয়োজনীয় বিধায় এড়িয়ে গিয়েছেন। কিন্তু বিষয়টি এড়ানো যায় না। বিশেষ করে বঙ্কিমচন্দ্রের 'নিবেদন' তাঁর 'বঙ্গদর্শন'-এর সম্পাদনার উদ্দেশ্যের সঙ্গে সম্পৃক্ত হওয়া সত্ত্বেও তা কেন এতদিন পরে 'প্রচার'-এর আলোতে উজ্জ্বল হয়ে উঠল, বিষয়টি আপনাতেই ভাবিয়ে তলে। অবশ্য সচেতনভাবে বিষয়টি ভেবে দেখলে তার সদুত্তর মেলানো দুরূহ মনে হয় না। আসলে বঙ্কিমচন্দ্রের ভূমিকার মধ্যেই বীজটি ছিল এবং তা সময়ান্তরে বৃক্ষরূপে আত্মপ্রবাশ করেছে। বিষয়টি একটু বিশ্লেষণের অপেক্ষা রাখে।



বঙ্গদর্শন'-এ বঙ্কিমচন্দ্র বাংলা সাহিত্যের উন্নতির কথ্য প্রথম উদ্দেশ্যে ব্যক্ত করেছিলেন। তার দ্বিতীয় উদ্দেশ্য ছিল, 'বাঙ্গালী সমাজে ইহা তাঁহাদিগের বিদ্যা, কল্পনা, লিপিকৌশল, এবং চিত্তোৎকর্ষের পরিচয় দিক'। আর তৃতীয় তথা শেষ উদ্দেশ্যে বলা হয়েছে, 'যাহাতে নব্য সম্প্রদায়ের সহিত আপামর সাধারণের সহৃদয়তা সম্বর্দ্ধিত হয়, আমরা তাহার সাধ্যানুসারে অনুমোদন করিব।' মোটামুটি তিনটি উদ্দেশ্যের সুর একটি, আধুনিক বাংলা সাহিত্যের উন্নয়ন করা। সেই উন্নয়নের ধারাকে সুসম্পন্ন করার জন্য বঙ্কিমচন্দ্রের সার্বিক প্রয়াসে এক সময় বইয়ের সমালোচনাও সামিল হয়ে পড়ে। প্রথম বর্ষের কার্তিক সংখ্যাতেই 'নতুন গ্রন্থের সমালোচনা'র কথা সম্পাদক জানিয়ে দেন। তবে সমালোচনা অর্থে বইয়ের প্রশংসা বা নিন্দা নয়, তাও তিনি উল্লেখ করেন। সেই সঙ্গে গ্রন্থ পাঠে সুখলাভ বা জ্ঞানলাভের পাশাপাশি তার সমৃদ্ধির প্রতি যেমন সমালোচকের স্পষ্টতা প্রয়োজন, তেমনই তাতে লেখকের ভ্রান্তিদর্শনও সমালোচনার অঙ্গ, তাও জানিয়ে দেওয়া হয়েছে। সেক্ষেত্রে 'বঙ্গদর্শন'-এ বইয়ের সমালোচনায় বঙ্কিমচন্দ্রের লক্ষ্য অচিরেই ভ্রষ্ট হয়ে পড়ে। সেক্ষেত্রে নূতন বইয়ের অভাবে নয়, বরং তার প্রাচুর্যেই পর্বতের মূষিক প্রসবের ন্যায় গুটিকতক সারবান বইয়ের হদিশে সম্পাদকের উদ্দেশ্য আপনাতেই ব্যাহত হয়। ১২৮১-এর মাঘ সংখ্যার 'বঙ্গদর্শন'-এ সম্পাদক তাঁর সমালোচনার ব্যর্থতাকে বিনয়ের সঙ্গে ব্যক্ত করতে গিয়ে তাঁর সেই মোক্ষম পাচনবাড়ি অব্যর্থ লক্ষ্যে হাসিল করেছেন। একে পত্রিকায় স্থানাভাবের কথা বাক্ত করে যেটুকু বিনয় প্রকাশ করেছেন, তার পরে 'অনবকাশ'-এর কারণে অবিনয়ী হয়ে উঠেছেন 'আজিকালি বাঙ্গালা ছাপাখানা ছারপোকার সঙ্গে তুলনীয় হইয়াছে; উভয়ের অপত্য বৃদ্ধির সীমা নাই এবং উভয়েরই সন্তানসন্ততি কদর্য্য এবং ঘৃণাজনক। যেখানে ছারপোকার দৌরাত্ম্য সেখানে কেহ ছারপোকা মারিয়া নিঃশেষ করিতে পারে না; আর যেখানে বাঙ্গালা গ্রন্থ সমালোচনার জন্য প্রেরিত হয়, সেখানে তাহা পড়িয়া কেহ শেষ করিতে পারে না। আমরা যত গ্রন্থ সমালোচনার জন্য প্রাপ্ত হইয়া থাকি, তাহা সকল পাঠান্তর সমালোচনা করা যায়, এত অবকাশ নিষ্কর্ম্মা লোকের থাকিতে পারে, কিন্তু বঙ্গদর্শন-লেখকদিগের কাহারও নাই।

বঙ্গদর্শন'-এ বঙ্কিমচন্দ্র বাংলা সাহিত্যের উন্নতির কথ্য প্রথম উদ্দেশ্যে ব্যক্ত করেছিলেন। তার দ্বিতীয় উদ্দেশ্য ছিল, 'বাঙ্গালী সমাজে ইহা তাঁহাদিগের বিদ্যা, কল্পনা, লিপিকৌশল, এবং চিত্তোৎকর্ষের পরিচয় দিক'। আর তৃতীয় তথা শেষ উদ্দেশ্যে বলা হয়েছে, 'যাহাতে নব্য সম্প্রদায়ের সহিত আপামর সাধারণের সহৃদয়তা সম্বর্দ্ধিত হয়, আমরা তাহার সাধ্যানুসারে অনুমোদন করিব।' মোটামুটি তিনটি উদ্দেশ্যের সুর একটি, আধুনিক বাংলা সাহিত্যের উন্নয়ন করা। সেই উন্নয়নের ধারাকে সুসম্পন্ন করার জন্য বঙ্কিমচন্দ্রের সার্বিক প্রয়াসে এক সময় বইয়ের সমালোচনাও সামিল হয়ে পড়ে। প্রথম বর্ষের কার্তিক সংখ্যাতেই 'নতুন গ্রন্থের সমালোচনা'র কথা সম্পাদক জানিয়ে দেন। তবে সমালোচনা অর্থে বইয়ের প্রশংসা বা নিন্দা নয়, তাও তিনি উল্লেখ করেন। সেই সঙ্গে গ্রন্থ পাঠে সুখলাভ বা জ্ঞানলাভের পাশাপাশি তার সমৃদ্ধির প্রতি যেমন সমালোচকের স্পষ্টতা প্রয়োজন, তেমনই তাতে লেখকের ভ্রান্তিদর্শনও সমালোচনার অঙ্গ, তাও জানিয়ে দেওয়া হয়েছে। সেক্ষেত্রে 'বঙ্গদর্শন'-এ বইয়ের সমালোচনায় বঙ্কিমচন্দ্রের লক্ষ্য অচিরেই ভ্রষ্ট হয়ে পড়ে। সেক্ষেত্রে নূতন বইয়ের অভাবে নয়, বরং তার প্রাচুর্যেই পর্বতের মূষিক প্রসবের ন্যায় গুটিকতক সারবান বইয়ের হদিশে সম্পাদকের উদ্দেশ্য আপনাতেই ব্যাহত হয়। ১২৮১-এর মাঘ সংখ্যার 'বঙ্গদর্শন'-এ সম্পাদক তাঁর সমালোচনার ব্যর্থতাকে বিনয়ের সঙ্গে ব্যক্ত করতে গিয়ে তাঁর সেই মোক্ষম পাচনবাড়ি অব্যর্থ লক্ষ্যে হাসিল করেছেন। একে পত্রিকায় স্থানাভাবের কথা বাক্ত করে যেটুকু বিনয় প্রকাশ করেছেন, তার পরে 'অনবকাশ'-এর কারণে অবিনয়ী হয়ে উঠেছেন 'আজিকালি বাঙ্গালা ছাপাখানা ছারপোকার সঙ্গে তুলনীয় হইয়াছে; উভয়ের অপত্য বৃদ্ধির সীমা নাই এবং উভয়েরই সন্তানসন্ততি কদর্য্য এবং ঘৃণাজনক। যেখানে ছারপোকার দৌরাত্ম্য সেখানে কেহ ছারপোকা মারিয়া নিঃশেষ করিতে পারে না; আর যেখানে বাঙ্গালা গ্রন্থ সমালোচনার জন্য প্রেরিত হয়, সেখানে তাহা পড়িয়া কেহ শেষ করিতে পারে না। আমরা যত গ্রন্থ সমালোচনার জন্য প্রাপ্ত হইয়া থাকি, তাহা সকল পাঠান্তর সমালোচনা করা যায়, এত অবকাশ নিষ্কর্ম্মা লোকের থাকিতে পারে, কিন্তু বঙ্গদর্শন-লেখকদিগের কাহারও নাই। থাকিবার সম্ভাবনাও নাই। থাকিলেও, বাঙ্গালা গ্রন্থমাত্র পাঠ করা যে যন্ত্রণা, তাহা সহ্য করিতে কেহই পারে না। 'বৃত্রসংহার' 'কল্পতরু' বা তদ্বৎ অন্যান্য বাঙ্গালা গ্রন্থ পাঠ করা সুখের বটে, কিন্তু অধিকাংশ বাঙ্গালা গ্রন্থ পাঠ করা গুরুতর যন্ত্রণা যে, তাহার অপেক্ষা অধিকতর দণ্ড কিছু আমাদের আর স্মরণ হয় না।' স্বাভাবিকভাবেই বঙ্কিমচন্দ্র তা থেকে বিরত হয়েছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, বঙ্কিমচন্দ্র তাঁর সমসাময়িক বাংলা সাহিত্য সম্পর্কে উচ্চ ধারণা গড়ে তুলতে পারেননি। বিষয়টি তাঁর অমর সৃষ্টি অহিফেনসেবী কমলাকান্তের 'বড়বাজার' (বঙ্গদর্শন' ১২৮১ -এর আশ্বিন) পরিক্রমাতেই তার করুণ পরিণতি সরস ব্যঙ্গে উপস্থাপিত হয়েছে। সেদিক থেকে নব্য লেখকদের অপাঠ্য গ্রন্থের সমালোচনা থেকে অব্যাহতির বিষয়ে আকস্মিক মনে হয় না। কিন্তু তাতে তো তাঁর উদ্দেশ্য সফল হওয়ার পথে বিরতি এসে পড়ার প্রবল সম্ভাবনা তাঁকে যে স্বস্তি দেয়নি, এটা অনুমানের জন্য কষ্টকল্পনার প্রয়োজন নেই। কেননা বাংলা সাহিত্যের লেখা ও লেখক সবেতেই তাঁর উদ্দেশ্য নিহিত ছিল। সেক্ষেত্রে নতুন লেখকদের 'অপক্ক কদলী'র প্রতি যেমন তাঁর মূল্যায়নের দৃষ্টি নিবন্ধ করার দায় ছিল, তেমনই হবু লেখকদের প্রতিও সে-দায় আপনাতেই সক্রিয় হয়ে ওঠে। শুধু তাই নয়, এজন্য বঙ্কিমচন্দ্রকে রীতিমতো আদর্শ শিক্ষকের ভূমিকায় অবতীর্ণ হতে হয়েছিল। নতুন লেখক বা হবু লেখকদের সামনে আদর্শ রাস্তা গড়ে তোলার দায় তাঁকে সক্রিয় করে তুলেছিল। সেক্ষেত্রে আড়ালে থেকে অনামে 'প্রচার' পত্রিকা প্রকাশের মাধ্যমে সেই রাস্তার আত্মপ্রকাশ ছিল অপরিহার্য বহিঃপ্রকাশ।

বঙ্কিমচন্দ্র ১৮৮৪-তে জামাতা রাখালচন্দ্র বন্দ্যোপাধ্যায়কে সামনে রেখে 'প্রচার'-এর সম্পাদক হিসাবে আত্মপ্রচারে বিরত হয়ে অন্তরাল থেকে যেভাবে হবু লেখকদের প্রতি দায়বদ্ধতা প্রদর্শনে এগিয়ে এসেছেন, তাতে তাঁর বাংলা সাহিত্যে উন্নতির প্রতি অকৃত্রিম অথচ হার্দিক প্রয়াসটি আপনাতেই বাঙালিমানসের শ্রদ্ধা আদায় করে নিয়েছে। 'প্রচার'-এর দিন-পনেরো পূর্বে অক্ষয়চন্দ্র সরকারের সম্পাদনায় 'নবজীবন' পত্রিকাটি প্রকাশিত হয়। দুটি পত্রিকাতেই বঙ্কিমচন্দ্র সমানে হিন্দুধর্মের ব্যাখ্যাকার হিসাবে নীতিবাগীশ পরিচয়কে সমুন্নত করে তুলেছেন।'আনন্দমঠ' (১৮৮২), 'দেবী চৌধুরাণী' (১৮৮৪) ইতিমধ্যে প্রকাশিত হয়ে শিল্পী বঙ্কিমচন্দ্রের পর্বান্তরে ঋষি বঙ্কিমচন্দ্রের পথ প্রশস্ত হয়ে উঠেছে। 'প্রচার'-এ 'সীতারাম' শুরু হয়ে গেছে। শুধু তাই নয়, রবীন্দ্রনাথের সঙ্গে তিনি লেখনীযুদ্ধে সামিল হয়ে সাড়া ফেলে দিয়েছেন। অথচ সেই পরিসরে ধর্মীয় বাতাবরণের মধ্যেও তাঁর বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতির প্রতি দায়বদ্ধতায় কোনোরকম শিথিলতা লক্ষ করা যায় না। বরং তা 'প্রচার'-এর আলোয় আরও প্রকট হয়ে উঠেছে। সেদিক থেকে 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন'টি বঙ্কিমচন্দ্রের হবু লেখকদের প্রতি তাৎক্ষণিক নিদের্শিকা ভাবাটা সমীচীন নায়। কেননা তা ছিল বাংলা ভাষা ও সাহিত্যদরদি মনীষী বঙ্কিমচন্দ্রের দীর্ঘদিনের চিন্তনের ফসল। যে উদ্দেশ্য নিয়ে তিনি 'বঙ্গদর্শন'-এর যাত্রা শুরু করেছিলেন, তা নানাভাবে বিলম্বিত ও বিড়ম্বিত হয়েছে। পত্রিকা বন্ধ হয়ে গেছে, আবার তা অন্যের দ্বারা সম্পাদিত হয়েছে। এজন্য তাঁর লক্ষ্য নানাভাবে ব্যাহত হয়েছে, সেকথাও তিনি স্পষ্ট করে তুলেছেন। 'বঙ্গদর্শনের বিদায় গ্রহণ'-এর শেষে ('বঙ্গদর্শন', চৈত্র ১২৮২) তাঁর লেখনী সূচনার কথা স্মরণে এনে আশঙ্কা ব্যক্ত করেছে 'চারি বৎসর হইল বঙ্গদর্শনের পত্রসূচনায় বঙ্গদর্শনকে কালস্রোতে জলবুদ্বুদ বলিয়াছিলাম। আজি সেই জলবুদ্বুদ জলে মিশাইল।' আবার যখন তার জেগে ওঠার সম্ভাবনা তৈরি হয়েছে, তখন তাঁর হৃদয়বাসনার ক্ষরণও সক্রিয় হয়ে উঠেছে। ১২৮৪-এর বৈশাখে অগ্রজ সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের সম্পাদনায় 'বঙ্গদর্শন' পুনরায় প্রকাশকালে বঙ্কিমচন্দ্র বিনয়ের সঙ্গে তাঁর অভিপ্রায় ব্যক্ত করে বলেছেন 'এক্ষণে বঙ্গদর্শনকে অভিনব সম্পাদকের হস্তে অর্পণ করিয়া, আশীর্বাদ করিতেছি যে, ইহার সুশীতল ছায়ায় এই তপ্ত ভারতবর্ষ পরিব্যাপ্ত হউক। আমি ক্ষুদ্রবুদ্ধি, ক্ষুদ্রশক্তি, সেই মহতী ছায়াতলে অলক্ষিত থাকিয়া, বাঙ্গালা সাহিত্যের দৈনন্দিন শ্রীবৃদ্ধি দর্শন করি, ইহাই আমার বাসনা।' সেই বাসনাও তাঁর অকালেই ঝরে পড়লেও তাঁর মনেপ্রাণের কথাটি বুঝে নিতে কারও অসুবিধা হয় না। তাঁর সাহিত্যচর্চার মূলেও ছিল দেশসেবার আদর্শ। সেই আদর্শের প্রতি তাঁর সতৃষ্ণ দৃষ্টি আজীবন অক্ষুণ্ণ ছিল । সেক্ষেত্রে 'বন্দে মাতরম'-এর দেড়শ বছর পূর্তির সঙ্গে জাতীয় স্তরে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কেও স্মরণ করা একান্ত জরুরি ।

লেখক: অধ্যাপক, বাংলা বিভাগ, সিধো-কানহো-বীরসা বিশ্ববিদ্যালয়

কোট-আনকোট

আমি কথা দিচ্ছি, যদি আপনাদের কাছে ওই নেতাদের বিরুদ্ধে চাল চুরি, ত্রিপল চুরির মতো কোনও নির্দিষ্ট অভিযোগ থাকে তাহলে আমাদের জানান। আমরা ব্যবস্থা নেব।

বিধানসভায় কুণাল ঘোষকে শুভেন্দু অধিকারী।

লেখা পাঠান

সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই nicode-এ টাইপ করে পাঠাতে হবে।

email : dailyekdin1@gmail.com

সাঁওতালডিহি তাপবিদ্যুৎ কেন্দ্রে ৮০০ মেগাওয়াটের দুই ইউনিট তৈরির ঘোষণা

পুরুলিয়া জেলা জুড়ে খুশির হাওয়া

নিজস্ব প্রতিবেদন, পুরুলিয়া: রাজ্যজুড়ে দিনে দিনে বিদ্যুতের চাহিদা বেড়েছে। তাই বিদ্যুৎ-এর চাহিদার কথা মাথায় রেখে বর্তমান রাজ্য সরকার নতুন তাপবিদ্যুৎ কেন্দ্র গঠনের পরিকল্পনা নিয়েছে। যেখানে পিপিপি (পাবলিক প্রাইভেট পার্টনারশিপ) মডেলে কাজের পরিকল্পনা নেওয়া হয়েছে। সেই মডেলে রাজ্যের পূর্ব প্রতিশ্রুতি নাদিয়ার চাঁদ বাউড়ি বিধানসভা পুরুলিয়ারপাড়া বিধানসভার রঘুনাথপুর ২ নম্বর ব্লকের অন্তর্গত সাঁওতালডিহিতে ৮০০ মেগাওয়াট (মোট ১৬০০ মেগাওয়াট) ক্ষমতাসম্পন্ন দুটি ইউনিট তৈরি হবে। সোমবার রাজ্যের অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত বাজেট পেশ করে বিষয়টি জনসমক্ষে আনেন। দুটি নতুন ইউনিট তৈরির প্রস্তাব ঘোষণা হতেই সাঁওতালডিহিতে খুশির হাওয়া। দুটি ইউনিট হলে এলাকায় বিদ্যুতের উৎপাদন বাড়বে। পাশাপাশি এলাকার আর্থসামাজিক উন্নয়ন হবে। এবং কর্মসংস্থানের ব্যাপক সম্ভাবনা তৈরি হবে বলে মনে করা হচ্ছে। তাপবিদ্যুৎ কেন্দ্রের জিএম অভিজিৎ নন্দী বলেন, 'রাজ্য বাজেটে দুটি ইউনিট তৈরির প্রস্তাব ঘোষণা হয়েছে। উন্নত প্রযুক্তিতে এটি তৈরি করা হবে। কর্মসংস্থান বাড়বে।' নাদিয়ার চাঁদ বাউড়ি বলেন, 'তাপবিদ্যুৎ কেন্দ্রের দুটি ইউনিট তৈরির কাজ শুরু হলে এলাকার আর্থ সামাজিক ক্ষেত্রে পরিবর্তন হবে। প্রচুর মানুষের কর্মসংস্থান হবে। রাস্তাঘাটেরও উন্নয়ন হবে।'

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, সাঁওতালডিহিতে ১৯৭৪ সালে প্রথম ইউনিটটি চালু হয়। যেখানে চারটি ইউনিটে বিদ্যুৎ উৎপাদন হত। পুরনো ১ থেকে ৪ নম্বর ইউনিটগুলিতে (প্রতিটি ১২০ মেগাওয়াট করে) বিদ্যুৎ উৎপাদন হত। বর্তমানে চারটি ইউনিট স্থায়ীভাবে বন্ধ করে ভেঙে ফেলা হয়েছে। নতুন করে সেখানে আধুনিক ভাবে ৫ ও ৬ নম্বর ইউনিট দুটি চালু হয়। বর্তমানে যেখানে মোট ৫০০ মেগাওয়াট (২ x ২৫০ মেগাওয়াট) বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। নতুন করে ফের ১৬০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের প্রস্তাব আনা হয়েছে। রাজ্যের তরফে জানানো হয়েছে, বর্তমানে বিদ্যুতের ব্যাপক চাহিদা বেড়েছে। আগামী দিন আরও বাড়বে চাহিদা। তাই বিদ্যুতের জোগান স্থিতিশীল রাখতে রাজ্য সরকার আগাম প্রস্তুতি শুরু করেছে। ১৫টি নতুন সাবস্টেশন তৈরির প্রস্তাবও আনা হয়েছে রাজ্যের তরফে। সাঁওতালডিহির তাপবিদ্যুৎ কেন্দ্রের একটি সূত্র থেকে জানা গিয়েছে, দুটি ইউনিট তৈরির প্রাথমিক সমীক্ষা শেষ। ইউনিট তৈরিতে জন্য রাজ্য সরকারকে আলাদা করে জমিও নিতে হবে না। তাপবিদ্যুৎ কেন্দ্রের ক্যাম্পাসে ১,৮০০ একর জমি রয়েছে। ফলে জমি জটিলতার সমস্যাও নেই। এলাকা বাসিন্দাদের তরফে জানানো হয়েছে, বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি প্রশংসনীয়, কিন্তু বর্তমানে ছাইয়ের দূষণে এলাকার মানুষ অতিষ্ঠ। ফলে পরবর্তী সময়ে দূষণ যে আরও বাড়তে তা নিয়ে সংশয় নেই। তবে ইউনিট তৈরিতে এলাকায় কর্মসংস্থান তো যেমন হবে। তেমন দূষণ নিয়ন্ত্রণে যাতে উপযুক্ত পরিকাঠামো যাতে গড়ে তোলা হয় তারও জোরালো দাবি তুলেছেন এলাকার বাসিন্দারা।

তারাতলায় মৃত দুই নির্মাণ শ্রমিকের দেহ ফিরল নদিয়ার চৌধুরী পাড়ার বাড়িতে

নিজস্ব প্রতিবেদন, নদিয়া: নদিয়ার কৃষ্ণনগর কোতোয়ালি থানার চর শম্ভু নগর গ্রামের চৌধুরীপাড়া একেবারে স্তব্ধ। সকাল সাড়ে নটা নাগাদ দুটি পৃথক শববাহী গাড়িতে দুই নির্মাণ শ্রমিকের মৃতদেহ ফিরলো বাড়িতে। মৃতদেহ ফিরতেই গোটা এলাকায় কান্নার রোল। এই এলাকার প্রায় ৭০ শতাংশ মানুষ ভিন জেলা বা ভিন রাজ্যে রুটি রুজির আশায় পাড়ি দিয়েছে। প্রতিটা ঘরেই যেন আতঙ্ক। এলাকাবাসীর একটাই কথা নতুন সরকার যদি কর্মসংস্থানের ব্যবস্থা করে তাহলে বাড়ির লোকেদের আর বাইরে গিয়ে কাজ করতে হবে না। এই এলাকার বেশিরভাগ মানুষই ও বাঙালি সম্প্রদায়ের। নদিয়ার যে দু'জন নির্মাণ শ্রমিকের মৃত্যু হয়েছে তাদের বয়স যথাক্রমে চন্দ্রমা চৌধুরী ৬০ বছর ও রাহুল চৌধুরীর ১৭ অর্থাৎ নাবালক অবস্থাতেই সংসার বাঁচাতে নির্মাণ শ্রমিকের কাজে যোগ দিয়েছে রাহুল। চৌধুরী পাড়ার গ্রামে ঘরে ঘরে এখন আতঙ্ক বেশিরভাগ মানুষই কর্মসূত্রে রয়েছে বাইরে। তাদেরও এই পরিণতি ঘটবে না তো? একদিকে যেমন মৃত নির্মাণ কর্মীদের ও ভাবি সংসার বাচাতে সরকারি সাহায্যের প্রয়োজন অন্যদিকে আগামীর ভবিষ্যৎকে রক্ষার্থে কর্মসংস্থানেরও দাবি তুলেছে। গ্রামবাসীদের আক্ষেপ এলাকায় যদি কোনও কলকারখানা কিংবা কর্মসংস্থান থাকতো তাহলে বোধ হয় এভাবে চাপা পড়ে মরতে হতো না গ্রামের একজন বয়স্ক ও অপ্রাপ্তবয়স্ক একজনকে। রাজ্যে পালাবদল ঘটেছে গোটা চৌধুরী পাড়া গ্রামের মানুষের একটাই কথা নতুন সরকার এলাকায় কর্মসংস্থান করুক। যাতে পরিবারের লোকেদের বাইরে গিয়ে আর কাজ না করতে হয়। আজ মৃতদেহ পরিবারের কাছে পৌঁছেছে। পরিবারের উপার্জনের একমাত্র ব্যক্তি ছিল তারাতলায় নির্মীয়মান গোডাউন চাপা পড়ে মৃত দুজনেই। কিভাবে চলবে তাদের পরিবার তা ভেবেই আকুল প্রতিবেশীরা। মৃত চন্দ্রমা চৌধুরীর চার মেয়ে ও এক ছেলে। ছেলেও কাজের আশায় পাড়ি দিয়েছে ভিন রাজ্যে। জরাজীর্ণ বসত বাড়িতে চন্দ্রমা চৌধুরীর বড় মেয়ে লিলি চৌধুরী অষ্টম শ্রেণির ছাত্রী জানায়, কিভাবে চলবে এখন তাদের সংসার জানা নেই। সরকার তাদের পাশে থাকুক এটা এখন আর্তি।

বেতন বৃদ্ধির দাবিতে প্রতীকী কর্মবিরতি এনএইচএম কর্মীদের

নিজস্ব প্রতিবেদন, সিউড়ি: পশ্চিমবঙ্গ সরকারের জনমুখী বাজেট নিয়ে যখন সবাই খুশি তখন বাজেটে তাদের কথা না বলায় রাজ্যের পাশাপাশি বীরভূমে এক দিনের প্রতীকী কর্মবিরতি ও পেন ডাউন কর্মসূচি এনএইচএম কর্মীদের। সিউড়ি-সহ বীরভূম জেলার প্রায় সর্বত্রই এই কর্মসূচি পালন করছেন এনএইচএম কর্মীরা। সিউড়ি পৌর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে কর্মবিরতি করা কর্মীদের দাবি টিকাকরণ, ফিল্ড ভিজিট, ম্যালেরিয়া, ডেঙ্গু-সহ সরকারি সমস্ত কর্মসূচিতে তাঁরা কাজ করেন। অথচ আশা কর্মীদের বেতন বাড়লেও তাদের বেতন বাড়েনি। এমনকি পশ্চিমবঙ্গ সরকারের প্রথম বাজেটেও তাদের কোনও কথা বলাই হয়নি তাই সরকারের দৃষ্টি আকর্ষণের জন্য একদিনের প্রতীকী কর্মবিরতি ও পেন ডাউন কর্মসূচি করছেন তাঁরা। সমকাজে সমবেতনের দাবিও তুলেছেন তাঁরা। ভোটের আগে পার্মানেন্ট করে দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল বলে দাবি করেছেন তাঁরা। স্বাস্থ্য ব্যবস্থাই সরকারি কর্মচারীদের পাশাপাশি প্রায় ৮০ শতাংশ কর্মীরাই কিন্তু কন্ট্রাকচুয়াল এবং এদের সিংহভাগই এনএইচএম কর্মী। মুখ্যমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রীর কাছে এনএইচএম কর্মীদের বার্তা পৌঁছোনোর জন্যই এই ধরনের আন্দোলন কর্মসূচি গ্রহণ করেছেন তারা। তাদের দাবিগুলির মধ্যে অন্যতম হল সমকাজে সমবেতন, রিটায়ার্ডমেন্ট বেনিফিট, স্বাস্থ্য বীমা, প্রভিডেন্ট ফান্ড প্রভৃতি ।

মেদিনীপুরে যুব কংগ্রেসের বিক্ষোভ মিছিল

নিজস্ব প্রতিবেদন, পশ্চিম মেদিনীপুর: জাতীয় কংগ্রেসের নির্দেশে সারা দেশের সঙ্গে বৃহস্পতিবার পশ্চিম মেদিনীপুর জেলা যুব কংগ্রেসের উদ্যোগে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন নীতি ও কাজের প্রতিবাদে মেদিনীপুর শহরের রিং রোড এলাকা থেকে বিদ্যাসাগর হল পর্যন্ত একটি বিক্ষোভ মিছিল হয়। নিট-সহ বিভিন্ন কেন্দ্রীয় পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস, লাগামছাড়া দ্রব্যমূল্য ও বেকারত্ব বৃদ্ধির বিরুদ্ধে মিছিল থেকে প্রতিবাদ স্লোগান দেওয়া হয়। মিছিল শেষে বিদ্যাসাগর হলের সামনে এক সভায় প্রদেশ কংগ্রেস নেতা অনিল শিকারিয়া, শম্ভুনাথ চট্টোপাধ্যায় ও জেলা যুব সভাপতি উজ্জ্বল মুখার্জিরা অভিযোগ করেন, কেন্দ্রীয় সরকারের আমলে শিক্ষাব্যবস্থার স্বচ্ছতা প্রশ্নের মুখে পড়েছে। নিট-সহ একাধিক সর্বভারতীয় পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। পাশাপাশি লাগাতার মূল্যবৃদ্ধির ফলে সাধারণ মানুষের জীবনযাত্রা দুর্বিষহ হয়ে উঠেছে এবং কর্মসংস্থানের অভাবে দেশের যুবসমাজ চরম হতাশার মধ্যে দিন কাটাচ্ছে। সভায় বক্তারা গণতন্ত্র, শিক্ষা ও কর্মসংস্থানের প্রশ্নে বৃহত্তর জনমত গড়ে তোলার আহ্বান জানান।

IndusInd Bank
রিজিওনাল অফিস : ৩এ, আপার উড স্ট্রিট শাখা, ২য় তল, সাবিত্রী টাওয়ার, কলকাতা ৭০০০১৭

পরিশিষ্ট-৪
দখল বিজ্ঞপ্তি (রুল-৮(১) দেখুন)
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী ইন্ডাসইন্ড ব্যাঙ্ক লি. এর অনুমোদিত অফিসার স্বরূপ সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩ এর সঙ্গে পঠিত ১৩ (১২) এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগের অধীনে **২৫.০৬.২০২৪** তারিখে একটি দাবি বিজ্ঞপ্তি জারি করে **ঋণগ্রহীতা - মেসার্স জয় ভারত প্লাস্টিকস (স্বত্বাধিকারী শ্রী রতন কুমার লোধা কর্তৃক প্রতিনিধিত্বকারী) শ্রী রতন কুমার লোধা (স্বত্বাধিকারী এবং জামিনদাতা) শ্রী বিকাশ লোধা (জামিনদাতা) শ্রীমতী বনশিখা লোধা (জামিনদাতা) শ্রীমতী সরোজ লোধা (জামিনদাতা), মেসার্স জিও পলিমারস এলএলপি (কর্পোরেট জামিনদাতা) মেসার্স জয় ভারত প্লাস্টিকস প্রা. লি. (কর্পোরেট জামিনদাতা) মেসার্স জাম্বো পলিপ্লাস্ট এলএলপি (কর্পোরেট জামিনদাতা) এবং মেসার্স ভারত প্লাস্টিক (কর্পোরেট জামিনদাতা)** নোটিশে উল্লিখিত বকেয়া পরিমাণ **৩,৬৯,৭২,৭৬৬.৩৯ টাকা (তিন কোটি উনসত্তর লাখ বাহাত্তর হাজার সাতশ ছেষট্টি টাকা এবং উনচল্লিশ পয়সা) ৩১ মে ২০২৪ অনুযায়ী** পরবর্তী সুদ সহ ২৫-০৬-২০২৪ তারিখের উক্ত নোটিশে উল্লিখিত সংশ্লিষ্ট ঋণ সুবিধার বিপরীতে নির্দেশিত তারিখ থেকে প্রযোজ্য সুদ, এবং সেই সঙ্গে জরিমানা সুদ ও আনুষঙ্গিক খরচ-খরচাদি ইত্যাদি;উক্ত নোটিশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করতে হবে।
ঋণগ্রহীতাগণ টাকার অঙ্ক ফেরত দিতে ব্যর্থ হওয়ায়, এতদ্দ্বারা ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনগণকে বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ অ্যাক্টের রুল ৮ এর সঙ্গে পঠিত সেকশন ১৩ এর সাব-সেকশন (৪) অধীনে তাঁর (পুং/স্ত্রী) উপর অর্পিত ক্ষমতাবলে **২৪ জুন ২০২৬** তারিখে।
বিশেষভাবে ঋণগ্রহীতাগণ এবং সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন এই সম্পত্তি নিয়ে কোনওরকম লেনদেন না করেন এবং এই সম্পত্তি নিয়ে যেকোনও প্রকার লেনদেনে ইন্ডাসইন্ড ব্যাঙ্ক লি. **৩,৬৯,৭২,৭৬৬.৩৯ টাকা (তিন কোটি উনসত্তর লাখ বাহাত্তর হাজার সাতশ ছেষট্টি টাকা এবং উনচল্লিশ পয়সা) ৩১ মে ২০২৪ অনুযায়ী** পরবর্তী সুদ সহ ২৫-০৬-২০২৪ তারিখের উক্ত নোটিশে উল্লিখিত সংশ্লিষ্ট ঋণ সুবিধার বিপরীতে নির্দেশিত তারিখ থেকে প্রযোজ্য সুদ, এবং সেই সঙ্গে জরিমানা সুদ ও আনুষঙ্গিক খরচ-খরচাদি ইত্যাদি সহ।
ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে উক্ত অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হওয়ার প্রাপ্তব্য সময়ের ব্যাপারেও।

স্থাবর সম্পত্তির বিবরণ

সম্পত্তি ১ : সংশ্লিষ্ট সকল অংশ বসবাসের ফ্ল্যাট নং ২এ, পরিমাপ ১৬৩০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া কমবেশি , তিন বেড রুম, এক ড্রইং তথা ডাইনিং স্পেস, তিন টয়লেট, এক কিচেন, এক বারান্দা, দক্ষিণ-পশ্চিম অংশে ৩য়তলায় পাঁচতলা ভবনের অবস্থিত জমির পরিমাপ ৪ কাঠা ৪ ছটাক ১৬ বর্গফুট , প্লট নং ৫৫, ব্লক ডি,বাঙ্গুর এভিনিউ, থানা : লেক টাউন, জেলা : উত্তর ২৪ পরগনা, বর্তমানে পরিচিত এবং সংখ্যায়িত হোল্ডিং নং ৫৯৭, কলকাতা -৭০০০৫৫, পুরসভা ওয়ার্ড নং ২২, দক্ষিণ দম দম পুরসভা।
সম্পত্তির বিস্তারিত/বিবরণ আরও নির্দিষ্টভাবে বিক্রয় দলিল নং ৫৪৯৩ -২০০০ সালের তারিখ ১৮.০৮.২০০০ রেজিস্ট্রিকৃত শ্রী বিকাশ লোধা এর নামে এবং ৫৪৯৪-২০০০ সালের, তারিখ ১৮.০৮.২০০০ রেজিস্ট্রিকৃত শ্রীমতি সরোজ লোধা এর নামে।
সম্পত্তি ২ : সংশ্লিষ্ট সকল অংশ বসবাসের ফ্ল্যাট নং জিবি পরিমাপ আনুমানিক ৩৮৬ বর্গফুট বিল্ট আপ এরিয়া কমবেশি (মোজাইক) একতলায় (দক্ষিণ -পূর্ব অংশে) পাঁচতলা ভবনে অবস্থিত জমির পরিমাপ আনুমানিক ৪ কাঠা ৪ ছটাক ১৬ বর্গফুট , প্লট নং ৫৫ ব্লক-ডি, বাঙ্গুর এভিনিউ, থানা : লেক টাউন, জেলা : উত্তর ২৪ পরগনা, বর্তমানে পরিচিত এবং সংখ্যায়িত হোল্ডিং নং ৫৯৭, কলকাতা -৭০০০৫৫, পুরসভা ওয়ার্ড নং ২২, দক্ষিণ দম দম পুরসভা।
সম্পত্তির বিস্তারিত/বিবরণ আরও নির্দিষ্টভাবে দান দলিল নং ৪২৬২ -২০১৫ সালের তারিখ ১৩.০৪.২০১৫ রেজিস্ট্রিকৃত শ্রী বিকাশ লোধা এর নামে এর নামে।
সম্পত্তি ৩: সংশ্লিষ্ট সকল অংশ বসবাসের ফ্ল্যাট নং ২বি, তিনতলায় ব্লক এ, পরিমাপ সুপার বিল্ট আপ এরিয়া ২৪৯২ বর্গফুট কমবেশি , চার বেড রুম, এক ড্রইং তথা ডাইনিং, তিন টয়লেট, এক কিচেন, তিন ব্যালকনি ভবনে অবস্থিত প্লট নং ৯৮-১০১, বাঙ্গুর এভিনিউ, ব্লক ডি, পুরসভা হোল্ডিং নং ১২৩০, বাঙ্গুর এভিনিউ, থানা -লেক টাউন, জেলা : উত্তর ২৪ পরগনা,কলকাতা- ৭০০০৫৫, পুরসভা ওয়ার্ড নং ২৯, দক্ষিণ দম দম পুরসভা অধীন, অবিভক্ত সম্পত্তির যথাযথ ভাগ অংশ জমি এবং নির্মাণের নির্দিষ্টভাবে বর্ণিত বিক্রয় দলিল নং ০০৯৭৬- ২০১৫ সালের।
সম্পত্তির বিস্তারিত/বিবরণ আরও নির্দিষ্টভাবে বিক্রয় দিলল নং ০০৯৭৬ -২০১৫ সালের তারিখ ২৩.০৪.২০১৫ রেজিস্ট্রিকৃত শ্রীমতি সরোজ লোধা এবং শ্রী বিকাশ লোধা এর নামে।

তারিখ- ২৪.০৬.২০২৬
স্থান- কলকাতা
অনুমোদিত অফিসার
ইন্ডাসইন্ড ব্যাঙ্ক লিঃ

তারাতলার নির্মীয়মাণ কারখানায় দুর্ঘটনা

নিখোঁজ রানিগঞ্জের শ্রমিক নবীন সিং, উদ্বেগে পরিবার

নিজস্ব প্রতিবেদন, রানিগঞ্জ: কলকাতার তারাতলা এলাকায় একটি নির্মীয়মাণ কারখানায় দুর্ঘটনার পর থেকে নিখোঁজ রয়েছেন রানিগঞ্জের লাইকবাজার, লায়েক বাঁধ তিন নম্বর ধাওড়ার বাসিন্দা নবীন সিং। নির্মাণসামগ্রীর নীচে চাপা পড়ে তিনি নিখোঁজ হয়ে থাকতে পারেন বলে আশঙ্কা করা হচ্ছে। ঘটনার খবর পৌঁছতেই স্বামীর খোঁজে কলকাতার উদ্দেশ্যে রওনা দিয়েছেন তাঁর স্ত্রী নেহা দেবী এবং বড় ছেলে, বছর ষোলোর দশম শ্রেণির ছাত্র প্রিন্স। পরিবার সূত্রে জানা গিয়েছে, বুধবার সকাল প্রায় ১০টা নাগাদ স্ত্রী নেহা দেবীর সঙ্গে শেষবার ফোনে কথা হয় নবীন সিংয়ের। সে সময় তিনি জানান, কাজে ব্যস্ত রয়েছেন, পরে কথা বলবেন। এরপর থেকে আর কোনও যোগাযোগ করা যায়নি তাঁর সঙ্গে। দুপুর প্রায় ১টা নাগাদ ঠিকাদারদের কাছ থেকে দুর্ঘটনার খবর পান পরিবারের সদস্যরা। খবর পাওয়ার পরই বুধবার দুপুর আড়াইটা নাগাদ নেহা দেবী বড় ছেলে প্রিন্সকে সঙ্গে নিয়ে স্বামীর সন্ধানে কলকাতার উদ্দেশে রওনা দেন। তবে এখনও পর্যন্ত নবীন সিংয়ের কোনও সন্ধান মেলেনি বলে দাবি পরিবারের। বর্তমানে বাড়িতে রয়েছেন নবীনের মেজ মেয়ে, সপ্তম শ্রেণির ছাত্রী কোমল কুমার এবং ছোট ছেলে আরিয়ান সিং। পরিবারের সদস্যদের চোখেমুখে স্পষ্ট আতঙ্কের ছাপ। তাঁদের দাবি, কিশোর বয়স থেকেই নির্মাণকাজের সঙ্গে যুক্ত নবীন সিং। ঠিকাদারের অধীনে কলকাতার ওই নির্মীয়মাণ কারখানাতেও তিনি কাজ করছিলেন। পরিবারের আরও দাবি, প্রায় ১৫ দিন আগে বাড়িতে এসেছিলেন নবীন। এক সপ্তাহ পরিবারের সঙ্গে কাটিয়ে ফের কর্মস্থলে ফিরে যান তিনি। তাঁর হাতে উলকি দিয়ে নিজের নাম লেখা রয়েছে বলেও জানিয়েছেন পরিজনেরা, যাতে শনাক্তকরণের ক্ষেত্রে সুবিধা হয়। কলকাতায় দুর্ঘটনার খবর রানিগঞ্জে পৌঁছতেই লাইকবাজার এলাকার বাসিন্দাদের মধ্যেও উদ্বেগ ছড়িয়েছে। পরিবারের একমাত্র উপার্জনকারী সদস্যের খোঁজ না মেলায় কীভাবে চলবে সংসার, সেই চিন্তায় দিশেহারা পরিজনেরা। এখন সকলের একটাই প্রার্থনা, যত দ্রুত সম্ভব নবীন সিংয়ের সন্ধান মিলুক।

সাধারণ বিজ্ঞপ্তি
(২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি কোড এর ধারা ১০২ অধীনে)
মিনু দে, পি সি দে অ্যান্ড সন ডিস্ট্রিবিউটরস প্রাইভেট লিমিটেড-এর ব্যক্তিগত জামিনদাতা-এর সিডি-আদিত্য বিক্রম ক্যাপিটাল লিমিটেড দ্বারা উদ্যোক্তা

সংশ্লিষ্ট বিস্তারিত

১.	ব্যক্তিগত জামিনদাতার নাম	মিনু দে
২.	আবেদনের অনুমোদন সম্পর্কিত বিস্তারিত	[illegible]
৩.	ব্যক্তিগত জামিনদাতার ইনসলভেন্সি শুরুর তারিখ	২২.০৬.২০২৬
৪.	ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস বন্ধের সম্ভাব্য তারিখ	১৯.১২.২০২৬
৫.	প্রস্তাব পেশাদার হিসেবে কার্যরত ইনসলভেন্সি পেশাদারের নাম এবং রেজিস্ট্রেশন নম্বর	মহেশ চাঁদ গুপ্তা, রেজি নং: IBBI/IPA-001/IP-P01489/2018-19/12304, এএফএ নং AA1/12304/02/300627/109025, বৈধ ৩০.০৬.২০২৭ পর্যন্ত
৬.	বোর্ডের নিকট নথিভুক্ত প্রস্তাব পেশাদারের ঠিকানা এবং ই-মেল	রেজি ঠিকানা - এফই-২০২, সল্টলেক সিটি, সেক্টর ৩, [illegible], কলকাতা - ৭০০১০৬, ইমেল: mcgupta90@gmail.com
৭.	অন্তর্বর্তী প্রস্তাব পেশাদারের সঙ্গে যোগাযোগের ঠিকানা এবং ইমেল	ঠিকানা - ১১ এবং ১১/১, বি বি গাঙ্গুলি স্ট্রিট, ২য় তল, স্যুট নং ১, কলকাতা - ৭০০০১২, ইমেল: mcgupta90@gmail.com
৮.	দাবি দাখিলের শেষ তারিখ	১৭.০৭.২০২৬
৯.	সম্পর্কিত ফর্মগুলি	Weblink https://www.ibbi.gov.in/download forms, mcgupta90@gmail.com ইমেল পাঠিয়ে পাওয়া যাবে

[illegible] নিকট ক্রম নং ৬ বা ৭ উল্লিখিত ঠিকানায় পেশ করতে। আর্থিক বিনিয়োগকারীগণ প্রামাণ্য নথি সহ কেবল বৈদ্যুতিন মাধ্যম বা পোস্ট বা ক্যুরিয়ার মাধ্যমে তাদের দাবি দাখিল করতে পারবেন।
মিথ্যা অথবা বিভ্রান্তকারী প্রমাণ সহ দাবি দাখিলের ক্ষেত্রে জরিমানা হতে পারে।

ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, কলকাতা বেঞ্চ-এর পক্ষে
মহেশ চাঁদ গুপ্তা, প্রস্তাব পেশাদার
মিনু দে, পি সি দে অ্যান্ড সন ডিস্ট্রিবিউটরস প্রাইভেট লিমিটেড-এর ব্যক্তিগত জামিনদাতা-সিডি ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস বিষয় সম্পর্কিত
তারিখ : ২৬.০৬.২০২৬ রেজি নং : IBBI/IPA-001/IP-P01489/2018-2019/12304
স্থান : কলকাতা এএফএ নং : AA1/12304/02/300627/109025 বৈধ : ৩০.০৬.২০২৭ পর্যন্ত

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া BOI Bank of India Relationship beyond banking
বর্ধমান জোনাল অফিস
৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধান নগর, সেক্টর -২এ, দুর্গাপুর, জেলা - বর্ধমান, পিন - ৭১৩২১২, ফোন নং - ০৩৪২-২৬৬৫৭০৩
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
পরিশিষ্ট ৪ [দ্রষ্টব্য রুল-৮(১)]

যেহেতু
নিম্নস্বাক্ষরকারী **ব্যাঙ্ক অব ইন্ডিয়া,** অনুমোদিত অফিসার হিসেবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইন ২০০২ এর ১৩(১২) ধারা এবং তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের বুল ৩ সংস্থান অধীনে **১০.১১.২০২৫ তারিখে** ঋণগ্রহীতাগণ **শ্রী শ্রীধর সাহিস এবং শ্রীমতী শম্পা বাউরি সাহিস** নোটিশে উল্লিখিত পরিমাণ **২০,৮৯,৩৬৯.৮৪ টাকা ইউসিআই সহ (কুড়ি লাখ উননব্বই হাজার তিনশ উনসত্তর টাকা এবং চুরাশি পয়সা)** পরবর্তী সুদ সহ নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায় দেওয়ার জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা এবং সাধারণকে বিজ্ঞাপিত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী সংশ্লিষ্ট আইনের ১৩ ধারার উপধারা (৪) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ সংস্থান অধীনে নিম্নোক্ত জামিনদত্ত সম্পত্তি/সমূহের স্বত্ব দখল করেছেন **২৪ জুন ২০২৬ তারিখে।**
ঋণগ্রহীতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই জামিনদত্ত সম্পত্তির লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন **ব্যাঙ্ক অব ইন্ডিয়া,** নিকট বকেয়া পরিমাণ **২০,৮৯,৩৬৯.৮৪ টাকা** এবং পরবর্তী সুদ সহ।
ঋণগ্রহীতার অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায়দান সাপেক্ষে উক্ত জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

স্থাবর সম্পত্তির বিবরণ

সংশ্লিষ্ট সকল অংশ সম্পত্তি অবস্থিত মির্জাপুর,মৌজা- মির্জাপুর, ইন্দাস-১ গ্রাম পঞ্চায়েত অধীন, জেএল নং ১৪, এলআর খতিয়ান নং ১৮৭৮, দাগ নং ১২১২ , এরিয়া ০.০৩৫৭ একর জমি বা ১৫৬০ বর্গফুট বা ২ কাঠা ২ ছটাক ৩০ বর্গফুট বাস্তু জমি , জেলা : বাঁকুড়া, পিন - ৭২২২০৫।
চৌহদ্দি : উত্তরে : ৮ ফুট রোড। দক্ষিণে : বিরাজ বোস এর সম্পত্তি। পূর্বে : ববিতা দে এর সম্পত্তি। পশ্চিমে : উমা দাস এর সম্পত্তি।

তারিখ : ২৪.০৬.২০২৬ স্থান : পাঁচাল
অনুমোদিত অফিসার, ব্যাঙ্ক অব ইন্ডিয়া

SBI
স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট ব্রাঞ্চ II, কলকাতা
'জীবনদীপ বিল্ডিং' ১১তম তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা - ৭০০০৭১
ইমেল ঃ sbi.18192@sbi.co.in
ই-নিলাম নোটিশ

অনুমোদিত অফিসারের বিস্তারিত ঃ নাম ঃ শম্ভু কুমার সিং, মোবাইল নং ঃ ৮১৩০৩৩৩২৪৮ ইমেল আইডি ঃ clo3.samb2kol@sbi.co.in,
পরিশিষ্ট ৪এ
[রুল ৮(৬) সংস্থান দ্রষ্টব্য]
